www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র


1st time in KOLKATA
ABHINAY SHARMA
LIVE MATH CLASSES
SSC (CGL)
SSC/RLY/Bank P.O/WBCS
ASPIRANTS' ARENA
COLLEGE ST. KOLKATA
9748914137//9163261008

বর্ষ ৩৯ সংখ্যা ৭ কলকাতা শুক্রবার, ১৪ সেপ্টেম্বর ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৮ ভাদ্র ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

### উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া থেকে

# সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

**বারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে র‍্যালি ১২-১৮ নভেম্বর। ২৭ অক্টোবরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে**

**নিজস্ব প্রতিনিধি:** র‍্যালির মাধ্যমে পশ্চিমবঙ্গের চার জেলা থেকে বিভিন্ন ক্যাটেগরিতে প্রচুর সৈনিক নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। উত্তর ২৪ পরগনার বারাকপুরের আর সি টি সি গ্রাউন্ডে র‍্যালি শুরু ১২ নভেম্বর, চলবে ১৮ নভেম্বর পর্যন্ত। প্রার্থী বাছাই করবে বারাকপুর আর্মি রিক্রুটিং অফিস। শুধু ছেলেরা র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। নিয়োগ হবে উত্তর ২৪ পরগনা, হুগলি, বাঁকুড়া ও পুরুলিয়া থেকে। অর্থাৎ শুধু এই চার জেলার তরুণরা এই র‍্যালিতে অংশগ্রহণ করতে পারবেন। র‍্যালি পরিচালনা করবে বারাকপুর আর্মি রিক্রুটিং অফিস। বারাকপুর আর্মি রিক্রুটিং অফিসের রিক্রুটিং ডিরেক্টর কর্নেল এস হেমন্ত নাথ 'কর্মক্ষেত্র'কে এই নিয়োগের খবর জানিয়েছেন।

নিয়োগ হবে এইসব ক্যাটেগরিতে: সোলজার জেনারেল ডিউটি, সোলজার ট্রেডসম্যান, সোলজার টেকনিক্যাল, সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন ও অ্যামুনিশন এক্সামিনার), সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সোলজার ড্রেসার (ভেট আর ভি সি), সোলজার ক্লার্ক/স্টোরকিপার।

র‍্যালিতে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের অনলাইন দরখাস্ত করতে হবে। সরাসরি র‍্যালিতে অংশগ্রহণ করা যাবে না। অনলাইন দরখাস্ত করার জন্য

এরপর সাতের পাতায়

## ইস্পাত নিগমে ৬৬৪ জুনিয়র ট্রেনি

৬৬৪ জন জুনিয়র ট্রেনি নেবে বিশাখাপত্তনমের রাষ্ট্রীয় ইস্পাত নিগম। নিয়োগ করা হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জি ও ইনস্ট্রুমেন্টেশন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৬/২০১৮। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন

এরপর সাতের পাতায়

### স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ১১৩৬

বিভিন্ন পদে ১,১৩৬ জন কর্মী নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ ও সংস্থায়। প্রার্থী বাছাই করবে কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশন। ডেটা প্রসেসিং অ্যাসিস্ট্যান্ট, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, বোটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট প্ল্যান্ট প্রোটেকশন অফিসার, জুনিয়র (কম্পিউটার), টেকনিক্যাল অপারেটর, মেডিক্যাল অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট স্টোরকিপার, ফোরম্যান, ড্রাফটসম্যান গ্রেড-টু, অ্যাসিস্ট্যান্ট ড্রাগ ইনস্পেক্টর-সহ বিবিধ পদে ইস্টার্ন, নর্থ ইস্টার্ন, ওয়েস্টার্ন, সাদার্ন, নর্থ ওয়েস্টার্ন-সহ মোট ন'টি রিজিয়নে প্রার্থীদের নিয়োগ করা হবে। পশ্চিমবঙ্গ-সহ ইস্টার্ন রিজিয়নে মোট শূন্যপদ ২৫৮টি। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৭, ২৯ ও ৩০ অক্টোবর। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

**পরীক্ষা ২৭, ২৯ ও ৩০ অক্টোবর**

এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: Phase-VI/2018/Selection Posts.

এরপর চোদ্দোর পাতায়

### রাজ্য স্বাস্থ্য দপ্তরে

# ৭৬১৫ স্টাফ নার্স

৭,৬১৫ জন স্টাফ নার্স, গ্রেড-টু নেবে পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমাধারী পুরুষ প্রার্থীরাও আবেদনের যোগ্য। এই নিয়োগের অ্যাব্রিজ্‌ড অ্যাডভার্টিইজমেন্ট নম্বর: R/SN/53(1)/1/2018.

**শিক্ষাগত যোগ্যতা অনুসারে শূন্যপদের বিন্যাস: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা:** মোট শূন্যপদ ৪,৫২৯টি (সাধারণ ২৩৫৫, তফসিলি জাতি ৯৯৬, তফসিলি উপজাতি ২৭২, ও বি সি-এ ৪৫৩, ও বি সি-বি ৩১৭, দৈহিক প্রতিবন্ধী ১৩৬)। এর মধ্যে ২৩৫টি অসংরক্ষিত, ১০০টি তফসিলি জাতি, ২৭টি তফসিলি উপজাতি, ৪৫টি ও বি সি-এ, ৩২টি ও বি সি-বি এবং ১৪টি দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদ পুরুষ প্রার্থীদের জন্য নির্ধারিত।

**বেসিক বি এসসি নার্সিং:** মোট শূন্যপদ ২,২৯৯টি (সাধারণ ১,১৯৫, তফসিলি জাতি ৫০৬, তফসিলি উপজাতি ১৩৮, ও বি সি-এ ২৩০, ও বি সি-বি ১৬১, দৈহিক প্রতিবন্ধী ৬৯)।

**পোস্ট বেসিক বি এসসি নার্সিং:** মোট শূন্যপদ ১৩৮টি (সাধারণ ৭২, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ৮, ও বি সি-এ ১৪, ও বি সি-বি ১০, দৈহিক প্রতিবন্ধী ৪)।

এ ছাড়া পূর্বের বিজ্ঞপ্তি অনুসারে ৬৪৯টি শূন্যপদ এখনও পূরণ করা হয়নি। এই ৬৪৯টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া এবার শুরু হয়েছে। তার মধ্যে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি যোগ্যতায় ৪৭১টি, বেসিক বি এসসি (নার্সিং) যোগ্যতায় ৮২টি এবং পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) যোগ্যতায় ৯৬টি শূন্যপদ সংরক্ষিত।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১৭ থেকে ২৬ সেপ্টেম্বর পর্যন্ত। বিস্তারিত জানতে আগ্রহীরা ১৬ সেপ্টেম্বর থেকে নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।


১১০০ ছেলেমেয়ের সরাসরি GNM ও B.Sc. নার্সিং ট্রেনিং দিয়ে চাকরি ও এডুকেশন লোন

নিজস্ব সংবাদদাতা : স্বাস্থ্য বিভাগে নার্সিং স্টাফ হিসাবে নিয়োগের গুরুত্বপূর্ণ কোর্স GNM B.Sc. নার্সিং। এছাড়া P.B.B.Sc. ও M.Sc. নার্সিং কোর্সে ভিন রাজ্যে সরাসরি ভর্তির সুযোগ, যা গভঃ তথা নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রাপ্ত।
যোগ্যতা : H.S পাশ যেকোনো শাখায় ছেলে ও মেয়ে ন্যূনতম 50% নম্বর থাকলে GNM ও B.Sc. নার্সিং কের্সে ভর্তির যোগ্য। GNM পাশ, P.B.B.Sc. ও B.Sc. পাশরা M.Sc. কোর্সে ভর্তির যোগ্য।


AJMARI SULTANA GNM NURSING
ANJALI MANTHI GNM NURSING
ARNAB DINDA GNM NURSING
ISHITA NASKAR BSC NURSIMG
KEYA BAYEN G.N.M. NURSHING
ARPITA MAITY B.SC NURSING

JENPAUH ব্যর্থ ছাত্রছাত্রীরা সরাসরি B.Sc. নার্সিং কোর্সে ভর্তির জন্য শীঘ্র যোগাযোগ করুন। Education Loan এর সুবিধা সহ

বিশেষত্ব : কোর্সগুলি গভঃ ও নার্সিং কাউন্সিল স্বীকৃত। নিজস্ব কলেজ Estd. 2005 Govt. approved ও নার্সিং কাউন্সিল অনুমোদন প্রাপ্ত। সার্টিফিকেট ও ডিগ্রি 100% সরকারী ও বেসরকারী চাকরিতে মান্যতাপ্রাপ্ত। 100% Education Loan এর সুবিধা। স্বল্প কোর্স ফি ও মাসিক কিস্তিতে পড়ার সুযোগ। নিজস্ব কলেজে থাকা-খাওয়ার সুবিধা। স্কলারশিপের ব্যবস্থা। SC/ST/OBC মাইনোরিটি student দের বিশেষ ছাড়। শিক্ষান্তে 100% campusing / চাকরির নিশ্চয়তা। সরাসরি সাক্ষাৎ কলেজ Director এর সাথে। No Donation / No Hiddren Fees.

আরও বিস্তারিত জানতে যোগাযোগ করুন : ন্যাশনাল ইনস্টিটিউট অফ হায়ার স্টাডিজ C.S. (ISO 9001 : 2008 সার্টিফায়েড org – Govt. Regd.)- কোলকাতা : 033-40661266 / 9836442992 / 8334081245 / 9830687078, শিলিগুড়ি : 9547338470 / 9547338471


MALE নার্সিং-এ GNM / BSC নার্সিং-এ সরাসরি ভর্তি।
Call @ 9830687078 / 9836442992

# রাজ্য পোস্টাল সার্কেলে ২৪২ মাল্টি টাস্কিং স্টাফ

মাল্টি টাস্কিং স্টাফ পদে ২৪২ জনকে নিয়োগ করবে কেন্দ্রের ডাক বিভাগ। নিয়োগ করা হবে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলের অন্তর্গত বিভিন্ন ডিভিশন ও ইউনিটে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Rectt/R-46/DR/2014.

মোট শূন্যপদ: ২৪২টি। **ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ১৪০, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৪৭)। এর মধ্যে ২টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, ৩টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং অস্থিসংক্রান্ত (একটি হাত ক্ষতিগ্রস্ত বা পেশির দুর্বলতা আছে) প্রতিবন্ধী, ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী-ফোর, দৈহিক প্রতিবন্ধী-ফাইভ ক্যাটেগরি এবং ২৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিভিশন বা ইউনিট অনুসারে শূন্যপদ:** পোস্টাল স্টোর্স ডিপো কলকাতা: ২৭টি, এম এম এস কলকাতা: ১৬টি, দক্ষিণ কলকাতা: ২৯টি, উত্তর কলকাতা: ১৪টি, কলকাতা জি পি ও: ৭টি, মধ্য কলকাতা: ১টি, পূর্ব কলকাতা: ২টি, বড়বাজার হেড অফিস:

এরপর সাতের পাতায়

# দক্ষিণ-পূর্ব-মধ্য রেলে ৩১৩

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৩১৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দক্ষিণ-পূর্ব-মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে নাগপুর ডিভিশন ও মোতিবাগ ওয়ার্কশপে এক বছরের ট্রেনিং দেওয়া হবে ডিজেল মেকানিক, ফিটার, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান, প্লাম্বার, পেইন্টার, ওয়্যারম্যান-সহ বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**ট্রেড অনুসারে আসনবিন্যাস: নাগপুর ডিভিশন: ফিটার:** ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **কার্পেন্টার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি

এরপর তেরোর পাতায়

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক যোগ্যতায় রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে
৬৬০০০ শূন্যপদে শীঘ্রই নিয়োগ
কিন্তু তুমি কি প্রস্তুত ?
সরকারি চাকরির স্বপ্ন দু'চোখে নিয়ে সময়টা নষ্ট করছো না তো ?
নিজেদের সেরা বলে দাবী করা প্রতিষ্ঠানগুলিতে ভর্তি হয়ে অর্থের অপচয় হচ্ছে না তো ?
যাচাই করে দেখে নাও তুমি কতটা প্রস্তুত ?
পশ্চিমবঙ্গে সর্বপ্রথম
Intelligence Diagnostic Session (IDS)
IDS হল এমন একটি বিশেষ বিজ্ঞানসম্মত পদ্ধতি যার দ্বারা ব্যক্তি বিশেষের প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির সূচক নির্ণয়ের মাধ্যমে বিষয়ভিত্তিক ঘাটতিগুলিকে চিহ্নিতকরণ করা হয়। ফলত উৎসাহী ছাত্রছাত্রীরা নিজেদের ঘাটতি পূরণ করে লাভ করে সাফল্য।
বিনামূল্যে এই সুযোগ পেতে নাম নথিভুক্ত করো আজই
ACE Ascensive Institute for Competitive Exams
Ascensive Institute for Competitive Exams
A subsidiary unit of Ascensive Educare Pvt. Ltd.
AMTALA 9674170632/6290450570 Banerjee Villa, 1st floor, Baidya Bagan, Uttar Ramkrishnapur, 24 Pgs(S), Pin-743503
ARAMBAGH 8336902897/9732863555 287 Link Road, Beside Style Bazar, Arambagh, Hooghly-712601
BARASAT 8336902892/8336902888 27 K K Mitra Road, Champadali More, Near Truck Stand, Barasat, 24 Pgs (N), Pin-700124
CHANDANNAGAR 8336902866/7003504110 1110 Rashbehari Avenue, Fatakgora, Near Pantaloons, Chandannagar, Hooghly
UTTARPARA 8336902887/8335069102 63/1, Amarendra Sarani, Near Raja Peary Mohan College, Uttarpara, Hooghly
Exam Covered by ACE
PSC | Bank | SSC | RAIL | LIC/GIC | SCHOOL SERVICE | DEFENCE | COURT | UPSC | WBCS | POLICE | INDIAN POST
www.ascensiveeducare.com

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ৭ □ ১৪ সেপ্টেম্বর ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

### পুজোর আগে কাজের সুযোগ

জয়েনিং হবে 3-4 দিনের মধ্যে। যোগ্যতা: (৪র্থ-স্নাতক), বয়স: (১৮-৪৮) www.gcagroup.co.in উঃ ও পঃ বঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে Pvt. BANK, শপিং মল, ATM, শোরুম, Dish TV, MNC-তে অফিসিয়াল বিভিন্ন পদে (11,700/- – 29,200/-), বেতনে PF + বোনাস + ESI-সহ স্থায়ী কাজে M/F চাই। গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। N.D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কল-৭। M: 90916-14590 / 87687-70461.

□

**We seek Trainers / Faculty for** teaching / training service industry skills in job-oriented courses for Hospitality / Retail / Banking / Insurance. We also seek Faculty for teaching spoken English for business communication purpose with ability to teach proper grammar. Graduates / Post Graduates / Diploma Holders from recognized University with mınimum 4-5 years of operational experience, with ability to make candidates job ready. Single Minded EduServe Pvt. Ltd. 58/C, Hindustan Park, Kolkata-700 029, Ph: 033-2465 2212 / 62910 47060. In both the above cases, the Faculty should be ready to teach in district towns on weekends on a per hour per class basis without leaving their existing employment. Please send your CV to sm.edu69@gmail.com

□

### VODA \ SBI \ JIO 4G

**কাস্টমার কেয়ারে বাংলাভাষী স্মার্ট M/F** নিয়োগ চলছে। (MP-Graduate), (18-35), বেতন: যোগ্যতানুসারে INC + OT+ BONUS-সহ 11,200/- + হোস্টেলের সুব্যবস্থা। প্রয়োজনে অনভিজ্ঞ প্রার্থীদের কাজ শিখিয়ে নেওয়ার ব্যবস্থা আছে। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003, বর্ধমান: 98301-88881.

□

**W.B-এর প্রতিটি জেলায় Telecom.** শপিং মল, Pvt. Bank, কোল্ড স্টোরেজ, Dish TV ও MNC-তে (৮ম-বি.এ) অফিসিয়াল কাজে স্থায়ীভাবে বিনা ডোনেশনে M/F চাই। GCA, M. G. Road, Kol-7. M:87687-62505

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
১৭ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।
□□□
২৮ সেপ্টেম্বর **কর্মক্ষেত্র**র
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
২৪ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিক্যেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা

**বেতন: 10,600/- – 28700/-**

**শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের** জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**

**উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার** বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T, Rd, Nowa Para, শ্যামনগর।

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**পঃ বঙ্গ, উঃ বঙ্গ ছেলেমেয়েদের সুবর্ণ সুযোগ Airport, মেট্রো ও PVT. ব্যাঙ্কে ৭ দিনে স্পট জয়েনিং**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে** Airport, মেট্রো ব্যাঙ্ক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-. বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। F. G, 183/17 M. G. Rd, শিয়ালদহ। M: 85150-18736.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে** অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও বালিগঞ্জ: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 80174-18654 বসিরহাট ও এয়ারপোর্ট: 84208-88113 Need Counseling, ডানলপ-108.

□

**Banking/ কাস্টমার কেয়ার/ Back Office-এ Spot নিয়োগ।** জেলাভিত্তিক নিয়োগ। MP-MA, বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ। 10,850/- – 22,800/-. PF, ESI, Car, Inc, থাকা ও খাওয়ার সুব্যবস্থা। Nigam Tori, KGP, MDN. কলকাতা / হাওড়া: 98007-80569, মেদিনীপুর / বাঁকুড়া: 84368-61388.

□

### ভারতের সর্বত্র স্টার হোটেলে

**৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয়** ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

## কর্মখালি

### BANK Kyc-তে 27 জন

**স্থায়ী অফিসিয়াল পদে Database** Maintain করতে ন্যূনতম H.S পাশ (18-30) কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8,345/- – 11,670/- Innovative Technology, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**Airtel 4G/ Jio/ Vodafone কাস্টঃ** কেয়ারে বাংলাভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,400/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 96747-95345.

□

### এয়ারপোর্ট মেট্রোতে চাকরি

**রেজিঃ নং- 2963, বিনা ডোনেশনে** কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম - স্নাতক। বেতন: 17,500/- – 48,700/-, সব রকমের সুব্যবস্থা। U. G., কল্যাণী, ITI মোড়, M: 77975-20283.

□

### ফোন করলেই নিশ্চিত চাকরি। কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়

**Govt. Regd. L/No.-6630, সম্পূর্ণ** বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-). সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880, Sara Corporate, ইছাপুর, 24 Pgs (N).

□

### Pvt ব্যাঙ্কে চাকরি

**Govt. Reg.-L/No- 627152**

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী Job. যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: ১২,০০০/- – ৩৬,৮০০/-, PF, ESI, বোনাস, থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। R.P., Pakar More, রানাঘাটি, নদিয়া। Pin: 741 201. Helpline: 95937-76698.

□

### এয়ারপোর্ট ও মেট্রো-তে গভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী জব।

**RL No-13794**

কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি-সহকারে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,500/- – 48,900/-. বয়স: 18-45, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। D. L. C., B. C 116/38 New Garia St. Rd. M: 87688-22677.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে পার্মানেন্ট জব, R/L No. 2464**

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/- – 49,700/-. বয়স: 18-45. A. L. P, 24A, S. G. S., Kol-14. M: 83738-41043.

□

### এয়ারপোর্ট, মেট্রোতে স্থায়ী চাকরি, পশ্চিমবঙ্গে

**গভঃ অনুমোদনপ্রাপ্ত সম্পূর্ণ বিনা** ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 48,900/-, বয়স: 18-45, D. L. C., C/D Rd, P-25. M: 87684-73851.

□

## কর্মখালি

### SBI BANKING JOB (OFF ROLE)

যোগ্যতা: ন্যূনতম উচ্চমাধ্যমিক পাশ। বেতন: ১০,০০০ থেকে ১৬,০০০ টাকা। যোগাযোগ – 79801-68074 / 89811-56941. UNIQUE STEPS, BAGHAJATIN, KOL-92.

□

**বিনা ডোনেশনে JIO/ VODA/ BANK** কাস্টঃ কেয়ারে কাস্টমারদের Call রিসিভ করে সঠিক তথ্য দেওয়ার জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে H.S-M.A (18-35) M/F নিয়োগ চলছে। 10,800/- + PF + ESI + মেস + P&D. IING, Kol-08. বেহালা: 96742-56755, দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে** স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

### হোটেলে চাকরি

**কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO** স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিক্যেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**Vodafone/Airtel 4G/Naptal কাস্টঃ** কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 11,400/-, Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 98301-20692.

□

### সরাসরি নিয়োগ

**জেলাভিত্তিক ATM গার্ড, টাওয়ার Co,** হাসপাতাল, নার্সিংহোম, শপিং মল, হোটেল, শোরুম ও ফ্যাক্টরিতে কর্মী চাই। বেতন: (১২,৫০০/- – ১৮,৫০০/-)। M: 81458-37367, 90510-96527.

□

### DIRECT নিয়োগ

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RML, Kol-09.

## স্কুল-কলেজ শিক্ষা

### বালিগঞ্জে টিচার্স ট্রেনিং কোর্সে ভর্তি হলেই, সরকারি চাকরির পরীক্ষার ট্রেনিং বিনামূল্যে

**মহিলাদের প্রি-প্রাইমারি, প্রাইমারি ও** মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 Year) ভর্তি চলছে। Easy Installment ও চাকরির সহায়তা। Approved by BSS & NCVT Govt. of India. রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 74784-30465, 98317-89536.

□

### N.C.V.T SURVEYOR

**আবার 2 বছরের কোর্সে ভর্তি চলছে।** কোর্স ফি সাধ্যের মধ্যে। Placement, 24th সেপ্টেম্বর Last date. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া। 2541-2244, 83350-66915.

□

### সরকারি চাকরির প্রস্তুতি

**৮ জন Expert Professor Class নিচ্ছে** WBCS, RAIL, FOOD SUPPLY, POLICE, BANK, SSC, PRIMARY কোর্সে ভর্তি 1,200/-, প্রতিমাসে 700/-, RCI, Dum Dum, Rajarhat, Garia. 98746-06164 / 87770-49063

□

**SI, Food, Maths Eng. সোনারপুর** Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

## DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

## পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং প্যারামেডিকেল কোর্স

**G.N.M (3 yrs.)/B.Sc. (4 yrs.) নার্সিং** ও B.S.S (Govt. of India) স্বীকৃত প্যারামেডিক্যেল কোর্স:- প্যাথোলজি; ফিজিওথেরাপি; E.C.G; X-Ray, Scan; M.R.I; O.T; Dialysis; CSSD; D.Optm (Eye); হোমিও (D.H.M.S); আয়ুর্বেদ (D.A.M.S); ডেন্টাল টেক, Critical Care (I.C.U.); Part/Full time কোর্সে ভর্তি চলছে। যোগ্যতা: M.P./H.S. Central Institute of Medical Science & Technology; হেড অফিস:- 22, রাধানাথ মল্লিক লেন, কোল-12. কলেজ স্ট্রিট, C.U.-র কাছে, ক্যাম্পাস:- 126B, রাজা রামমোহন সরণি, কোল-9, M. G. Rd.-আমহার্স্ট স্ট্রিট ক্রসিং। শিয়ালদা পূরবীর কাছে। 93310-62421.

□

### নার্সিং ট্রেনিং

**ANM Nursing (2 Years)** Installment-এর সুবিধা আছে। Approved by SCTVT/BSS/NSDC Govt. of India. Placement. রবীন্দ্র পাঠ ভবন। বেলঘরিয়া: 83350-66915 কল্যাণী: 83350-66916.

□

**ভর্তি চলছে SI, Food, WBCS (Plm/ Main)** 55% কমন না পেলে টাকা ফেরত। Main (2018–13, 2017– 9 জন)। সোনারপুর, মৃনালস্যার: 90077-36900.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে।** ANM Nursing Training (2 Yrs). Affiliated by BSS, NCVT (Govt. of India) & NSDC (Govt. of India), Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285, Job (Asst), Installment, Internship, Hostel-এর সুবিধা আছে।

□

### WB নার্সিং মেরিট লিস্টে নাম ওঠেনি? চিন্তা নেই।

**B.Sc ও GNM-এ সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ করুন। Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-১৪৪। 98303-88027 / 85849-23750.

□

### KAUSHIK SIR (MATH)

**GI / GK / Eng (Pre + Main) WBCS,** Bank, SSC, RAIL, SI. Monthly Fee, দমদম, যাদবপুর: 89819-21114.

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd. 29/1-A. Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

## কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# পাপড় তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



নিজস্ব প্রতিনিধি: উৎসবে-অনুষ্ঠানে শেষ পাতে পাপড় না হলে বাঙালির চলে না। এই মেশিনের সাহায্যে পাপড় তৈরি করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করে ব্যবসা শুরু করে দিতে পারেন।

**কীভাবে করবেন:** পাপড় তৈরির স্বয়ংক্রিয় এই মেশিনের সাহায্যে ঘণ্টায় ৪০ কেজি পর্যন্ত পাপড় তৈরি সম্ভব। সঙ্গে একটি ড্রায়ার মেশিনও লাগবে। চালের গুঁড়ো, বেসন, বিউলির ডাল, ছোলার ডাল ইত্যাদি বিভিন্ন ধরনের উপকরণের সাহায্যে বিভিন্ন স্বাদের পাপড় তৈরি করা যায়। এর সঙ্গে পরিমাণমতো নুন, তেল, হিং, বিভিন্ন মশলা মেশিনে ঢেলে দিতে হবে। মিক্সিং অ্যাটাচমেন্ট লাগানো থাকলে এই মেশিনে নিজে থেকেই মিশ্রণটি মাখা হয়ে যাবে এবং কাটিং হয়ে বেরিয়ে আসবে। এরপর সেগুলি রোদে দিয়ে কিংবা ড্রায়ারে দিয়ে শুকনো করলেই পাপড় তৈরি হয়ে যাবে। স্বয়ংক্রিয় এই মেশিনে ২ হর্সপাওয়ার মোটর লাগবে। মিক্সিং মেশিনের জন্য ১ হর্সপাওয়ার এবং ড্রায়ার মেশিনের জন্য ১ হর্সপাওয়ার মোটর লাগবে। বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** উৎপাদন-ক্ষমতা অনুযায়ী স্বয়ংক্রিয় পাপড় তৈরির মেশিন এবং ড্রায়ারের দামের তারতম্য হয়। ঘণ্টায় ২০ কেজি পর্যন্ত পাপড় তৈরির স্বয়ংক্রিয় মেশিনটির দাম পড়বে ১ লাখ ৬০ হাজার টাকা। ড্রায়ার মেশিনের দাম পড়বে ৮০,০০০ টাকা। মিক্সিং মেশিনের দাম পড়বে ৪০,০০০ টাকা। পায়ে চালানো মেশিনের দাম ৪০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি সবজির চাষ করি। ভালো মানের সবজির চাষের ওপর গুরুত্ব দিই। আমি রপ্তানিকারকদের সবজি সরবরাহ করতে চাই। এ ব্যাপারে আপনার কাছ থেকে সহায়তা পেলে উপকৃত হব। —সমীরবরণ পাল, রানাঘাট, নদিয়া।*

□□ আপনি মধ্যমগ্রামের (উত্তর-জজরা, রোহান্ডা গ্রাম পঞ্চায়েত) এগ্রিকালচারাল প্যাক হাউসে যোগাযোগ করতে পারেন। এখান থেকে রপ্তানিকারকরা সবজি-ফল প্যাকিং করে বিমানবন্দরে পাঠিয়ে দেন রপ্তানির জন্য।

জৈব সারে বা কম রাসায়নিক সারে উৎপাদিত সবজি-ফল এই প্যাক হাউসে সরবরাহ করা যায়। কিনবেন রপ্তানিকারকরা। চাইলে প্যাক হাউসের মাধ্যমে সবজি-ফল রপ্তানিও করা যায়। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৫১৪-১০৮৮।

□ *পান রপ্তানিতে আগ্রহী। কিন্তু পান রপ্তানি নিয়ে নানা সমস্যা আছে শুনেছি। পান কি রপ্তানি করা যাচ্ছে? এ ব্যাপারে কোথায় তথ্য পাওয়া যেতে পারে? —অরুণ মণ্ডল, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা-৭৪৩ ৩৫৫।*

□□ পানের আমদানির ওপর কিছুদিন নিষেধাজ্ঞা ছিল বিভিন্ন দেশে। মূলত পানে ক্ষতিকর ব্যাক্টেরিয়ার উপস্থিতির কারণেই নিষেধাজ্ঞা বলবৎ হয়েছিল। ক্ষতিকর জীবাণুমুক্ত পানই রপ্তানি করা যেতে পারে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি (অ্যাপেডা), ময়ূখ ভবন, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: ২৩৩৭-৮৩৬৩।

□ *বিভিন্ন রঙের ও আকারের মোমবাতি তৈরি শিখতে চাই। কোথায় শেখানো হয় জানাবেন। —সৌমেন পাল, কামারহাটি, উত্তর ২৪ পরগনা।*

□□ স্বনিযুক্তি-সহায়ক সংস্থা প্রগতি রঙিন ও সুগন্ধী মোমবাতি তৈরির প্রশিক্ষণ দেয়। বছরের যে-কোনও সময়েই প্রশিক্ষণ নেওয়া যায়। যোগাযোগের ঠিকানা: নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *বনসাই তৈরি আমার হবি। পড়াশোনার পাশাপাশি বিভিন্ন গাছের বনসাই তৈরি করে বিক্রি করতে চাই। ভালো বনসাই উচ্চমূল্যে বিক্রি হতে পারে। আমি বনসাই তৈরির বিজ্ঞানসম্মত পদ্ধতিগুলো শিখতে চাই। কোথাও শেখানোর ব্যবস্থা থাকলে জানাবেন। —দিলীপ বসু, ধামুয়া, দক্ষিণ ২৪ পরগনা-৭৪৩ ৬১০।*

□□ এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় বনসাই তৈরি শেখানো হয়। ২ মাসের কোর্স। প্রতি শনিবার ক্লাস হয়। পরবর্তী কোর্স শুরু হবে সেপ্টেম্বর মাসে। ফি ১,৫০০ টাকা। যোগাযোগের ঠিকানা: ১, আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: ২৪৭৯-৩৫৮০।

□ *নারকোলের ছোবড়া ব্যবহার করে ম্যাট, কার্পেট ইত্যাদি তৈরির জন্য স্কিম কোথা থেকে পাওয়া যেতে পারে? বিভিন্ন তথ্যেরও প্রয়োজন। কোথায় যোগাযোগ করব? —সুকুমার মাইতি, রামনগর, পূর্ব মেদিনীপুর-৭২১ ৪৪১।*

□□ স্কিম ও প্রয়োজনীয় তথ্যের জন্য কয়্যার বোর্ডের আঞ্চলিক অফিসে যোগাযোগ করতে পারেন। ঠিকানা: সাব-রিজিওনাল অফিস, কয়্যার বোর্ড, নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং, সি-ব্লক, গ্রাউন্ড ফ্লোর, কিরণশঙ্কর রায় রোড, কলকাতা-১। ফোন: (০৩৩) ২২৬২-৫৭৩৫। ই-মেল: cbrokol@gmail.com

□ *আমি নিয়মিত ফুলের ব্যবসায়ী নই। কিন্তু নানারকমের ফুল সংগ্রহ করে পুজোয় এবং পুজোর আগে-পরে দিন কুড়ি ফুলের ব্যবসা করতে চাইলে কি মল্লিকঘাট ফুল বাজারে বসে ব্যবসা করতে পারব? —সুশান্ত বর, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।*

□□ মল্লিকঘাট ফুলবাজারে প্রয়োজনে অস্থায়ী ব্যবসাও করা যায়। দিনপ্রতি ভাড়া দিতে হয়। বাজারের অফিস কর্তৃপক্ষ ভাড়ার পরিমাণ নির্ধারণ করেন। ব্যবসা শুরুর আগেই কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে নিতে পারেন। যোগাযোগের নম্বর: ৮৫৮৪৯-৯৯৮৬৭।


# দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

ESTD.-1920

ট্রেনিং পার্টনার অফ

## ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

Skill India | N.S.D.C National Skill Development Corporation

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP : 9903967142 • RAJARHAT : 9903967146

** COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং
- নেটওয়ার্ক এক্সপার্ট *
- রাউটিং সুইচিং এক্সপার্ট *
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
- মোবাইল অ্যান্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সিভিল কনস্ট্রাকশন টেকনোলজি
- সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)
- সিসিটিভি টেকনিশিয়ান *

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *
- ডিজিটাল মিডিয়া অ্যান্ড মার্কেটিং *
- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যান্ড ব্যাক) *
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড প্রোগ্রামিং
- কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড অফিস ম্যানেজমেন্ট *
- স্টেনোগ্রাফি *
- অ্যাডভান্সড এক্সেল *
- ডট নেট টেকনোলজি *
- ডিপ্লোমা কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
- সার্টিফিকেট কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *

- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়ালেসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান

(স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি, পঃ বঃ সরকার দ্বারা অনুমোদিত)

- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যান্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন

(পার্ক স্ট্রিট কেন্দ্র)

- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিশিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস
- ক্যারিয়র মাইডিয়া এয়ার কন্ডিশনারস এণ্ড অ্যাপ্লায়েন্সেস কোর্স (Carrier Midea, India দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org

6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV

Dhaka(Bangladesh) : 01709380048

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা ✆ 8336939682/83/84/85, 22272605, 24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আগরতলা | 09436139307 | ▪ কন্টাই | 9674165582 | খোসবাগ | 9635735382 |
| ▪ আলিপুরদুয়ার | 9836408027 | ▪ কুচবিহার | 9674165586 | কাকদ্বীপ | 9830077802 |
| ▪ আন্দুল | 8334975533 | কটক | (0671)2312666 | ▪ খড়গপুর | 9073610876 |
| ▪ আসানসোল | (0341)2302897 | ▪ দুর্গাপুর | 9051111246 | ▪ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| বেলঘড়িয়া (টেক্সম্যাকো) | 9830780280 | ডাকঘর | 8017522288 | ▪ মালবাজার | 9674165584 |
| ▪ বাগনান | 9051110638 | ডায়মণ্ড হারবার | 8017522287 | ▪ মালদা | 9674165585 |
| ▪ বালুরঘাট | 9674165418 | গুয়াহাটি | 9127066277 | ▪ মেদিনীপুর | 8335062606 |
| ▪ বোলপুর | 9073333262 | গার্ডেনরিচ | 9230613574 | মেমারি | 8777687853 |
| ▪ বারাসাত (কোঠী রোড) | 9674165589 | ▪ হরিপাল | 9874136799 | ▪ পুরুলিয়া | 9051110498 |
| ▪ বারাসাত (যশোর রোড) | 8336911041 | হাবরা | 9093037766 | ▪ রায়গঞ্জ | 9830680900 |
| ▪ বেহালা | 9836616668 | হলদিয়া | 9732727609 | রাজারহাট | 6290271014 |
| ▪ বহরমপুর | 9674165587 | ▪ জয়নগর | 9836666773 | ▪ শিলিগুড়ি | 8335051715 |
| ▪ বনগাঁ | 9836717783 | জলপাইগুড়ি | 9434154082 | ▪ সোনারপুর | 9830720005 |
| বাঁকুড়া | 9932870010 | ▪ কল্যাণী | 9674165588 | সিউড়ি | 9475074332 |
| ব্যারাকপুর (ভিক্টর ঘোষ) | 9830596844 | ▪ কৃষ্ণনগর | 9674162462 | তমলুক | 9735521383 |
| বর্ধমান | (0342)2560398 | কোন্নগর | 9007129736 | ঠাকুরপুকুর | 8017522286 |

| | |
|---|---|
| **Interior Design** | |
| পার্ক স্ট্রিট | 9073610877 |
| **Beauty** | |
| ▪ ভবানীপুর | 9073952154 |
| জলপাইগুড়ি | 8158806115 |
| নাকতলা | 9831166575 |
| **Paramedical** | |
| বারাসাত | 9073952156 |
| ▪ বেহালা | 8336911653 |
| কামারকুণ্ডু | 9434021033 |
| সোনারপুর | 9073727474 |
| ▪ লিলুয়া | 9830136688 |
| **Smart Centre** | |
| দমদম | 9748999933 |
| গড়িয়া (বড়াল) | 9903660200 |
| ▪ শ্রীরামপুর | 9073610884 |
| ▪ বর্ধমান | 8335053588 |
| নাকতলা | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*হতাশাজনক পরিস্থিতির মধ্যেও যখন তুমি ফের চ্যালেঞ্জ নিয়ে অসম্পূর্ণ কাজগুলো সম্পূর্ণ করার উদ্দীপনা অনুভব করছ, তখন তুমি প্রকৃতপক্ষে সাফল্যকেই ছুঁয়েছ।*
*— গুস্তাভ ফ্লবেয়ার (ফরাসী সাহিত্যিক)*

***✓ বি কম পড়ছি তৃতীয় বর্ষে। চাকরির খুব প্রয়োজন বলে এখন থেকেই চাকরির জন্য উদ্যোগ নিতে চাই। টাইপিং জানি। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করছি, শেষের পথে। এখনই কোথাও চাকরির জন্য আবেদন করার সুযোগ থাকলে জানাবেন।***

*গৌতম দত্ত, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ গ্র্যাজুয়েশন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত সাধারণভাবে উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত হোন।

***এখনই আবেদন করতে পারেন:*** চুক্তিতে কিছু ডেটা এন্ট্রি অপারেটর নেবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া (বেসিল)। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট এবং স্নাতক ডিগ্রিতে পাঠরতরা আবেদন করতে পারেন। মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৭ সেপ্টেম্বর সংখ্যায় 'বেসিলে আরও ৫০ ডেটা এন্ট্রি অপারেটর' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। টাইপিংয়ের প্রয়োজনীয় গতি থাকলে আবেদন করতে পারেন। দরখাস্তের বয়ান ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.becil.com প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৭ সেপ্টেম্বরের মধ্যে সংস্থার ঠিকানায় পৌঁছতে হবে।

চুক্তিতে কিছু ডেটা এন্ট্রি অপারেটর নেবে ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কনসালট্যান্টস ইন্ডিয়া (বেসিল)। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট এবং স্নাতক ডিগ্রিতে পাঠরতরা আবেদন করতে পারেন। মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৭ সেপ্টেম্বর সংখ্যায় 'বেসিলে আরও ৫০ ডেটা এন্ট্রি অপারেটর' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৪ অগস্ট সংখ্যায় 'রাজ্য সরকারের খাদ্য দপ্তরে ৯৫৭ সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৮ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in

***পরে আবেদন করতে পারবেন:*** ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক ও ডেটা এন্ট্রি অপারেটর পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

***✓ দশম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করলেও মাধ্যমিক পরীক্ষায় বসতে পারিনি প্রস্তুতির অভাবে। বর্তমানে বয়স ২১ বছর। নানা রকমের কাজ করি। একটা স্থায়ী চাকরি পেলে ফের পড়াশোনা শুরুর ইচ্ছা আছে। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***

*অমিত পাত্র, বাগনান, হাওড়া।*

☐ পশ্চিমবঙ্গ সরকার, পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের মতো আঞ্চলিক প্রশাসন এবং স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়, আদালতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কামারহাটি পুরসভা কিছু মজদুর ও পিওন নেবে। উভয় পদেরই ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। মজদুর পদের প্রার্থীদের সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। আপনি পছন্দের কোনও পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৭ সেপ্টেম্বর সংখ্যায় 'কামারহাটি পুরসভায় ১০৭' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় কথা জানানো হয়েছে।

দরখাস্তের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই ওয়েবসাইট থেকে: www.kamarhatimunicipality.org প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১৮ সেপ্টেম্বরের মধ্যে নীচের ঠিকানায় রাখা বক্সে জমা দিতে হবে। ঠিকানা: The Chairman, Kamarhati Municipality, 1, M.M. Feeder Road, P.O.: Belghoria, Kolkata-700 056.

***✓ ফিজিক্সের স্নাতক। পাশ করেছি এ বছরেই। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করেছি। দ্রুত চাকরির ব্যবস্থা করতে হবে। চাকরির সন্ধান চাই।***

*রাজীব মিত্র, রিষড়া, হুগলি।*

☐ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। পছন্দের চাকরি বাছাই করে নিতে পারলে, আগে থেকেই সেই চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া সম্ভব হয়।

***এখনই আবেদন করতে পারেন:*** রাষ্ট্রায়ত্ত সংস্থা হিন্দুস্তান কপারের বিভিন্ন বিভাগে কর্মী নিয়োগ করা হবে। সিস্টেমস বিভাগের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও স্ট্যাটিস্টিক্সের গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ৭ সেপ্টেম্বর সংখ্যায় 'হিন্দুস্তান কপারে ১৬৫' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৫ সেপ্টেম্বর থেকে ৬ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustancopper.com

হৃষীকেশ এইমসে কিছু অফিস অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই আবেদন করতে পারেন। কম্পিউটার জানা থাকলে অগ্রাধিকার। 'কর্মক্ষেত্র'-র ৩১ অগস্ট সংখ্যায় 'হৃষীকেশ এইমসে ৬৫৪ স্টাফ নার্স, অ্যাসিস্ট্যান্ট ও টেকনিশিয়ান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৩০ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in আপনি আবেদন করতে পারেন।

## কেমন কাজ করতে চান, আগে সেই সিদ্ধান্তটা নেওয়া জরুরি



ডঃ সাধন কুমার ঘোষ
সিনিয়র প্রফেসর, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়,
কো-অর্ডিনেটর, সেন্টার ফর কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম, যাদবপুর বিশ্ববিদ্যালয়

পেশাদারি জীবনে কেমন কাজ করবেন, কেমন চাকরি করবেন, সেটা আগেভাগেই ঠিক করে নিন। সেটা যে রাতারাতিই ঠিক করে ফেলা যাবে এমনটা নয়। ভাবনাচিন্তা করে সিদ্ধান্ত নিতে হবে। পেশাদারি জীবনটা দীর্ঘমেয়াদি। বছরের পর বছর ধরে কাজ করতে হবে। কাজে উন্নতি করতে হবে। প্রয়োজনে দায়িত্ব নিয়ে কঠিন কাজ সম্পন্ন করতে হবে। কাজটার প্রতি আকর্ষণ না থাকলে দীর্ঘকাল ধরে এভাবে কাজ করা যায় না। তাই নিজের প্রকৃতির সঙ্গে কাজের প্রকৃতিটাকে মিলিয়ে নিতে পারলে তার চেয়ে আর ভালো কিছু হয় না। কেউ অফিসের মধ্যে বসে কাজ করতে চাইবেন। চার দেওয়ালের মধ্যেই তাঁকে চ্যালেঞ্জিং সিদ্ধান্ত নিতে হবে। আবার কেউ হয়তো ঘরের বাইরে বেরিয়ে কাজ করতে স্বচ্ছন্দ বোধ করবেন। কেউ যন্ত্রপাতি নিয়ে কাজ করবেন, কেউবা খাতায়-কলমে কাজ করতে ভালোবাসবেন। যে-কেউ সামরিক বাহিনীর চাকরি করতে পারবেন কি? না। সামরিক বাহিনীর চাকরি করার জন্য একটা জোরালো মানসিক ইচ্ছার দরকার হয়। ওই ইচ্ছা বা মানসিক সায়টা অন্যান্য কাজের ক্ষেত্রেও প্রযোজ্য। আন্তরিক ইচ্ছা থাকলে, একটু আগে বা পরে, আপনার ভালোলাগা কাজটি আপনি পাবেন এবং সে-কাজে উন্নতিও করতে পারবেন। তবে হ্যাঁ, ভালো লাগবে বলেই তো আর সেই কাজে নিযুক্ত হয়ে যেতে পারবেন, এমনটা নয়। কেমন কাজ করবেন সেই সিদ্ধান্তটা নেওয়ার পরে সেই কাজটির উপযোগী করে নিজেকে গড়ে তুলতে হবে ধৈর্য ধরে। প্রয়োজনে কাজটির সহায়ক প্রশিক্ষণ নিতে হবে। কাজটায় টান থাকলে হাসিমুখে নিজেকে কাজটার উপযোগী করে গড়ে নেওয়ার পরিশ্রমটাকে আর বিরক্তিকর মনে হয় না। সেইজন্যই পছন্দসই কাজ নির্দিষ্ট করে নেওয়াটা গুরুত্বপূর্ণ। আমাকে যে-কাজ দেবেন, সেই কাজই মন দিয়ে করব— এমন আবেদন করে আজকের দিনে আর কাজ পাওয়া যাবে না। ওই বক্তব্যটিও সত্যি নয়। বর্তমান সময়ে আপনাকে জোরের সঙ্গে নিজেকে চাকরির বাজারে পেশ করতে হবে। আপনাকে বলতে হবে, অমুক কাজটা আমি ভালো করে করতে পারব, দরকারে সেই কাজের পরীক্ষা দিতেও আমি রাজি। আপনি কাজটি ১০০ শতাংশ নিখুঁত করে করবেন, সেটা নিয়োগকর্তারা আশা করেন না। তবে অনেকখানিই আপনি পারবেন, কেননা কাজটি আপনি মন দিয়ে শিখেছেন। আপনার দক্ষতা, প্রচেষ্টা, আন্তরিকতা ও আত্মবিশ্বাস চাকরিটি পাওয়ার ক্ষেত্রে যথেষ্ট সহায়ক হবে।

আর একটা বলতে চাইব, সেটা হল, যতটুকু জানলে চলে তার চেয়ে একটু বেশি জানুন। অ্যাকাউন্টসের কাজের জন্য মূল যে বিদ্যেটা দরকার হয়, সেটা আপনার আছে। সঙ্গে জানতে হবে ট্যালি। বিভিন্ন অ্যাকাউন্টিং সফটওয়্যার ব্যবহার করে কাজ করতে হয় এখন। ফলে সেইসব সফটওয়্যারের ব্যবহার জানতে হবে। কলেজ, বিশ্ববিদ্যালয়ে পুরোটা শেখা না গেলে অন্যত্র গিয়ে প্রশিক্ষণ নিতে হবে। এসবের সঙ্গে যদি কম্পিউটার অ্যাপ্লিকেশনের একটা কোর্স করা থাকে, কাজটায় যদি দক্ষ হয়ে উঠতে পারেন, তাহলে অবশ্যই চাকরি পাওয়ার ক্ষেত্রে আপনি এগিয়ে থাকবেন।

প্রস্তুতির পর্বটা কখনও কখনও একটু দীর্ঘায়িতও হতে পারে। আপনি কোনও ট্রেডে আই টি আই কোর্স পাশ করেছেন অথবা কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা করেছেন। শিক্ষাপ্রতিষ্ঠানে অনেকসময়ই শিল্পক্ষেত্রের প্রয়োজন অনুসারে কাজ শেখার সুযোগ থাকে না। এক্ষেত্রে দরকারে আপনি এন্ট্রি লেভেলের কোনও চাকরিতে ঢুকে পড়ুন। হাতে-কলমে কাজ শিখুন। কিন্তু আপনার লক্ষ্য আরও বড়। কিছুদিন কাজ শিখে অভিজ্ঞ হওয়ার পরে আপনি বড় সংস্থায় চাকরির চেষ্টা করুন। আপনার অভিজ্ঞতালব্ধ দক্ষতার মূল্য পাবেন। অনেক রাষ্ট্রায়ত্ত সংস্থা আই টি আই ট্রেড কোর্স পাশ এবং ডিপ্লোমাধারী ইঞ্জিনিয়ারদের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দিয়ে থাকে। লক্ষ্য, কাজের উপযোগী দক্ষ কর্মী তৈরি করা। এরকম প্রশিক্ষণও নিয়ে নিতে পারেন।

এলোমেলোভাবে নয়, গঠনমূলক প্রস্তুতি নিন, তৈরি হোন, কাজের জগতে আপনাকে দরকার হবে।

রাষ্ট্রায়ত্ত সংস্থা হিন্দুস্তান কপারের বিভিন্ন বিভাগে কর্মী নিয়োগ করা হবে। সিস্টেমস বিভাগের ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি ও স্ট্যাটিস্টিক্সের গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-র ৭ সেপ্টেম্বর সংখ্যায় 'হিন্দুস্তান কপারে ১৬৫' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৫ সেপ্টেম্বর থেকে ৬ অক্টোবরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www. hindustancopper.com

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় অথবা পশ্চিমবঙ্গ সরকারের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। ব্যাঙ্কের চাকরিতে আগ্রহী হলে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের অফিসার ও ক্লার্ক এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার, অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। তবে পদ-ভিত্তিক যোগ্যতা নির্ধারণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে আগে। পরীক্ষা নেয় ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। স্টেট ব্যাঙ্কের কোনও পদের জন্যই আই বি পি এসের পরীক্ষায় বসতে হয় না। পরীক্ষা নেয় স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষই। প্রশাসনিক চাকরিতে আগ্রহ থাকলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসতে পারেন। ভালো প্রস্তুতি নেওয়ার সুযোগ থাকলে কেন্দ্রীয় সিভিল সার্ভিসেসের পরীক্ষাতেও বসতে পারেন।

চাকরি আছে বিভিন্ন সফটওয়্যার ও টেলিকম সংস্থাতেও। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সময়ে সময়ে ফিজিক্সের স্নাতক ও স্নাতক ডিগ্রিধারী চাওয়া হয়। 'কর্মক্ষেত্র'-র নিয়মিত চোখ রাখুন। আরও নানা চাকরির খবর পাবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# পশ্চিমবঙ্গ বিদ্যুৎ বিতরণ নিগমে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

## গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

বেশ কিছু অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেবে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ বিতরণ নিগম। নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল, সিভিল, মেকানিক্যাল এবং ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড কমিউনিকেশন শাখায়। প্রার্থীকে গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: MPP/2018/03.

**শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয় বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (কম্বাইন্ড) বা পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। অথবা ফিজিক্সে অনার্স-সহ বি এসসি, সঙ্গে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের বি টেক। সেইসঙ্গে অবশ্যই ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ই ই) বিষয়ে গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয় বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। পাশাপাশি, সিভিল ইঞ্জিনিয়ারিং (সি ই) বিষয়ে গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। পাশাপাশি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম ই) বিষয়ে গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড কমিউনিকেশনের ক্ষেত্রে ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। কম্পিউটার সায়েন্সে এম এসসি বা এম সি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। অনার্স-সহ বি এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন, সেক্ষেত্রে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক পাশ করে থাকতে হবে। সেইসঙ্গে অবশ্যই কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (সি এস) বিষয়ে গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। সবক্ষেত্রেই ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে দরখাস্ত করতে পারেন।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১৫,৬০০-৩৯,১০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা।

গেট পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পর শূন্যপদের সংখ্যা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.wbsedcl.in যাঁরা ২০১৯ সালের গেট পরীক্ষায় বসার জন্য আবেদন করছেন কেবল তাঁরাই উপরোক্ত পদের জন্য আবেদন করতে পারবেন। ২০১৯ সালের গেট পরীক্ষা হবে ২,৩, ৯ ও ১০ ফেব্রুয়ারি। গেট-এর জন্য অনলাইন দরখাস্ত করা যাচ্ছে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gate.iitm.ac.in দরখাস্তের শেষ তারিখ ১ অক্টোবর। দরখাস্তের পর যে-রেজিস্ট্রেশন নম্বর ও অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে তার সাহায্যে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ বিতরণ নিগমের জন্য দরখাস্ত করা যাবে। বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গ্যাস টার্বাইন রিসার্চ এস্টাব্লিশমেন্টে ১৪১ ট্রেড অ্যাপ্রেন্টিস

১৪১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে বেঙ্গালুরুর গ্যাস টার্বাইন রিসার্চ এস্টাব্লিশমেন্ট। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে মেকানিক্যাল, প্রোডাকশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেকক্ট্রনিক্স-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় এবং আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: GTRE/HRD/026 & 027.

আসনসংখ্যার বিবরণ: **গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি:** মেকানিক্যাল/প্রোডাকশন/ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং: ৪০টি। এরোনটিক্যাল/এরোস্পেস: ২০টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ টেলিকম ইঞ্জিনিয়ারিং: ১২টি। কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি: ১৪টি। মেটালার্জি/ মেটেরিয়াল সায়েন্স: ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট টেকনোলজি বা ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। স্টাইপেন্ড: প্রতি মাসে ৪,৯৮৪ টাকা।

**ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ট্রেনি:** মেকানিক্যাল/প্রোডাকশন/টুল অ্যান্ড ডাই ডিজাইন: ২০টি। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন: ৫টি। কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। স্টাইপেন্ড: প্রতি মাসে ৩,৫৪২ টাকা।

**আই টি আই অ্যাপ্রেন্টিস ট্রেনি:** মেশিনিস্ট: ৪টি। ফিটার: ৪টি। টার্নার: ৪টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট : ১০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে এ আই সি টি ই কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ২ বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ। আই টি আই ট্রেডের ক্ষেত্রে সরকারি নিয়মানুসারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**বয়স:** সব ক্ষেত্রেই ১৪-৯-২০১৮ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

২০১৬, ২০১৭ এবং ২০১৮-য় পাশ করা প্রার্থীরা আবেদনের যোগ্য। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে, এর আগে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোথাও ১ বছর বা তার বেশি সময় ধরে কর্মরত থাকলে আবেদন করবেন না।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে স্ক্রিনিং টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং পোর্টালে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত থাকলে তবেই আবেদন করা যাবে। ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এবং আই টি আই ট্রেডের ক্ষেত্রে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ncvtmis.gov.in নাম রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন সার্টিফিকেটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

এর পর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.drdo.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: hrd@gtre.drdo.in

# ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অব ইন্ডিয়ায় ২৫০ ট্রেড অ্যাপ্রেন্টিস

২৫০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অব ইন্ডিয়া। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট ১৯৬১ অনুসারে ১ থেকে ২ বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইলেক্ট্রিশিয়ান-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: ECIL/CLDC/2018/01.

**ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ:** ফিটার: ৬০টি, ইলেক্ট্রনিক্স মেকানিক/আর অ্যান্ড টিভি: ৮৬টি, ইলেক্ট্রিশিয়ান: ৫০টি, টার্নার: ১০টি, মেশিনিস্ট: ১টি, শিট মেটাল ওয়ার্কার: ৩টি, মেকানিক আর অ্যান্ড এসি: ৯টি, মোটর মেকানিক ভেহিক্যাল: ১টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ১০টি, ওয়েল্ডার: ১০টি, প্লাম্বার: ৩টি, কার্পেন্টার: ৫টি, ডিজেল মেকানিক: ২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। **বয়স:** ১-১০-২০১৮ তারিখে অন্তত ১৪ বছরের হতে হবে। প্রশিক্ষণের মেয়াদ প্লাম্বার, কার্পেন্টার এবং ডিজেল মেকানিক ট্রেডের ক্ষেত্রে ২ বছর এবং অন্যান্য সবক'টি ট্রেডের ক্ষেত্রে ১ বছর। প্রশিক্ষণ দেওয়া হবে হায়দরাবাদে। **স্টাইপেন্ড:** ফিটার, টার্নার, মেশিনিস্ট, শিট মেটাল ওয়ার্কার, ইলেক্ট্রিশিয়ান, মেকানিক/আর অ্যান্ড এসি, মোটর মেকানিক ভেহিক্যাল এবং ইলেক্ট্রনিক্স মেকানিক আর অ্যান্ড টিভি ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৮,৬৫৫ টাকা, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট এবং ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে প্রতি মাসে ৭,৬৯৪ টাকা বাকি ট্রেডগুলির ক্ষেত্রে প্রশিক্ষণের প্রথম বছরে প্রতি মাসে ৭,৬৯৪ টাকা ও দ্বিতীয় বছরে ৮,৬৫৫ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

প্রার্থীর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং পোর্টালে ট্রেড অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত থাকলে তবেই আবেদন করা যাবে। নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in নাম রেজিস্ট্রেশনের পর রেজিস্ট্রেশন সার্টিফিকেটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। রেজিস্ট্রেশনের পর ওই ওয়েবসাইটের মাধ্যমেই ইলেক্ট্রনিক্স কর্পোরেশনে অ্যাপ্রেন্টিসশিপের জন্য আবেদন করতে হবে। এর পাশাপাশি আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ecil.co.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর তিন কপি পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন ও ফটোর ওপর সই করে দেবেন। অন্য দু'টি ফটো আবেদনপত্রের সঙ্গে গেঁথে দেবেন। ✓মাধ্যমিকের সার্টিফিকেট ও মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল। ✓আই টি আই সার্টিফিকেট এবং সব সেমেস্টারের মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল। ✓ট্রেড অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন সার্টিফিকেট। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২৮ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Deputy General Manager (CLDC), Nalanda complex, Near TIFR building, ECIL -Post Hyderabad-500 062, Telengana.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

**জেলায় জেলায় চাকরি**

## নদিয়ার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে চাকরি

ল্যাব টেকনিশিয়ান, কালা আজার টেকনিক্যাল সুপারভাইজর, মেডিক্যাল অফিসার, সিনিয়র মেডিক্যাল অফিসার এবং স্টাফ নার্স পদে মোট ১৪ জন কর্মী নিয়োগ করবে নদিয়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH-Nad/8112. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.nic.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৬ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.wbhealth.gov.in

## পূর্ব বর্ধমানের স্বাস্থ্য বিভাগে চাকরি

কালা আজার টেকনিক্যাল সুপারভাইজর পদে ৩ জনকে চুক্তিতে নিয়োগ করবে পূর্ব বর্ধমানের চিফ মেডিক্যাল অফিসার অব হেলথের অফিস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Dy-CMOH-II/NVBDCP/646. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৭ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ও এন জি সি-তে গ্র্যাজুয়েট ট্রেনি

## গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

বেশ কিছু গ্র্যাজুয়েট ট্রেনি নেবে অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন (ও এন জি সি)। নিয়োগ হবে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ও জিও-সায়েন্সেস শাখায়। প্রার্থীকে গেট-২০১৯ পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর 6/2018 (R & P).

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে ডিগ্রি, সেইসঙ্গে গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে (বন্ধনীর মধ্যে) উত্তীর্ণ হয়ে থাকতে হবে। শাখা-সহ গেট পত্রগুলি হল: **সিমেন্টিং ও ড্রিলিংয়ের** ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এম ই) বা পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং (পি ই)। **সিভিলের** ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং (সি ই), **ইলেক্ট্রিক্যালের** ক্ষেত্রে সংশ্লিষ্ট গেট পত্র (ই ই) সেই সঙ্গে ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর হিসেবে কম্পিটেন্সি সার্টিফিকেট। **ইলেক্ট্রনিক্সের** ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স বা টেলিকম বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন-সহ গেট পত্র ই সি অথবা ইলেক্ট্রনিক্সে স্পেশ্যালাইজেশন-সহ ফিজিক্সে স্নাতকোত্তর, সঙ্গে গেট পত্র পি এইচ। **ইনস্ট্রুমেন্টেশন** (আই এন) ও **মেকানিক্যালের** (এম ই) ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়। **প্রোডাকশনের** ক্ষেত্রে মেকানিক্যাল (এম ই) বা কেমিক্যাল (সি এইচ) বা পেট্রোলিয়াম/অ্যাপ্লায়েড পেট্রোলিয়াম (পি ই)। **রিজার্ভারের** ক্ষেত্রে কেমিক্যাল (সি এইচ) বা পেট্রোলিয়াম/অ্যাপ্লায়েড পেট্রোলিয়াম (পি ই)। অথবা জিওলজি বা জিওফিজিক্সে স্নাতকোত্তর (বি এসসিতে অঙ্ক বা ফিজিক্স পড়ে থাকতে হবে), সঙ্গে গেট পত্র জি জি। অথবা কেমিস্ট্রিতে স্নাতকোত্তর (বি এসসিতে অঙ্ক বা ফিজিক্স পড়ে থাকতে হবে), সঙ্গে গেট পত্র সি ওয়াই। অথবা অঙ্ক (এম এ) বা ফিজিক্স (পি এইচ) বা পেট্রোলিয়াম টেকনোলজিতে (পি ই) স্নাতকোত্তর, সঙ্গে তিন ক্ষেত্রেই বি এসসিতে অঙ্ক বা ফিজিক্স পড়ে থাকতে হবে। **কেমিস্টের** ক্ষেত্রে কেমিস্ট্রিতে (সি ওয়াই) স্নাতকোত্তর। **জিওলজিস্টের** ক্ষেত্রে জিওলজিতে স্নাতকোত্তর। অথবা পেট্রোলিয়াম জিওলজি বা পেট্রোলিয়াম জিওসায়েন্সেসে এম এসসি বা এম টেক বা জিওলজিক্যাল টেকনোলজিতে এম টেক। সঙ্গে গেট পত্র জি জি। **জিওফিজিসিস্ট (সারফেস)** ও **জিওফিজিসিস্ট (ওয়েলস)**-এর ক্ষেত্রে জিওফিজিক্সে স্নাতকোত্তর বা জিওফিজিক্যাল টেকনোলজিতে এম টেক, সঙ্গে গেট পত্র জি জি। অথবা ইলেক্ট্রনিক্সে স্পেশ্যালাইজেশন-সহ ফিজিক্সে (পি এইচ) স্নাতকোত্তর। **মেটিরিয়ালস ম্যানেজমেন্ট অফিসারের** ক্ষেত্রে অটো ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল (উভয়ের ক্ষেত্রে গেট পত্র এম ই) বা ইলেক্ট্রিক্যাল (ই ই) বা ইনস্ট্রুমেন্টেশন (আই এন) বা পেট্রোলিয়াম/অ্যাপ্লায়েড পেট্রোলিয়াম (পি ই) বা কেমিক্যাল (সি এইচ) বা সিভিল ইঞ্জিনিয়ারিং (সি ই) বা ইলেক্ট্রনিক্স বা টেলিকম বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (তিনটির ক্ষেত্রেই গেট পত্র ই সি) বা কম্পিউটার বা ইনফর্মেশন টেকনোলজি (উভয়ের ক্ষেত্রে গেট পত্র সি এস)। অথবা ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং (পি আই)-এ স্নাতক। **প্রোগ্রামিং অফিসারের** ক্ষেত্রে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন টেকনোলজিতে স্নাতক অথবা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর, সঙ্গে গেট পত্র সি এস। **ট্রান্সপোর্ট অফিসারের** ক্ষেত্রে অটো ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল, সঙ্গে গেট পত্র এম ই। **ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ের** ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয় (পি আই)।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে দরখাস্ত করতে পারেন। সেক্ষেত্রে ২০১৯-এর ৩১ জুলাইয়ের মধ্যে মার্কশিট দাখিল করতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। ড্রিলিং ও সিমেন্টিং শাখার ক্ষেত্রে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০১৯ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ongcindia.com মার্চ-এপ্রিল মাসে দরখাস্ত করা যাবে। প্রতিষ্ঠানের তরফে এখনও নির্দিষ্ট কোনও তারিখ জানানো হয়নি। উল্লেখ্য, গেট-২০১৯ পরীক্ষার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ১ অক্টোবর পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: http://gate.iitm.ac.in পরীক্ষা হবে ২, ৩, ৯ এবং ১০ ফেব্রুয়ারি। গেট-এর জন্য অনলাইন দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এই রেজিস্ট্রেশন নম্বরের সাহায্যে ও এন জি সি-র জন্য অনলাইন দরখাস্ত করা যাবে। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**DO YOU WANT TO START YOUR BUSINESS?**
*JOIN*
(i) 4-week Entrepreneurship Development Program (EDP) at (a) 24 Parganas (South), (b) Serampore, Hooghly
(ii) EDP for Women at EDI, Kolkata and
(iii) TEDP in Computer Hardware and Networking at EDI, Kolkata
Conducted by **EDI, Kolkata** in association with: **EDII, Ahmedabad**
Sponsored by Deptt. of Science & Technology, Govt. of India
**Eligibilty :** B.Sc / B.E. / B.Tech / BCA or Diploma (2/3 yrs) in any branch of engineering / technology between 22 to 45 years. NO PARTICIPATION FEE
**Apply before 30-09-2018 and contact :**
For ALL Programmes: Enterprise Development Institute
IB-194, Sector-III, Salt Lake, Kolkate-700106 Ph: (033) 23357258 / 23357681
Email : edisaltlake@gmail.com Website : www.edikolkata.org
For WEDP & TEDP Kolkata:
District Industries Centre, Kolkata, 11 A & B, Esplanade East, Kolkata-700 069
For EDP at Serampore, Hooghly at :
District Industries Centre, Hooghly, Anupam Bhavan, Nandankanan, Tola Fatak Road, Hooghly, West Bengal
For EDP at 24 Parganas (South):
Ditrict Industries Centre-24 Parganas (South)
MS Building (2nd floor), Kasba Industrial Estate, Phase-III, Kolkata-700107.
Sub-DIC District Industries Centre, Ukil Para, Baruipur Sub-DIC District Industries Centre

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## উচ্চশিক্ষা

☐ *গেট পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। এ বছরের গেট পরীক্ষার বিজ্ঞপ্তি কি প্রকাশিত হয়েছে? বিস্তারিত জানাবেন। —ব্রততী মজুমদার, জাঙ্গিপাড়া, হুগলি।*

☐☐ ২০১৯ সালের গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং বা 'গেট' পরীক্ষার বিজ্ঞপ্তি সদ্য প্রকাশিত হয়েছে। 'গেট-২০১৯' অনলাইন পরীক্ষা হবে ২, ৩, ৯ এবং ১০ ফেব্রুয়ারি। গেট স্কোর কার্ড তিন বছরের জন্য বৈধ থাকবে। ২০১৯-র 'গেট' পরীক্ষার আয়োজক চেন্নাইয়ের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, মাদ্রাজ। 'গেট' পরীক্ষায় সফল হলে ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রক এবং অন্যান্য সরকারি স্কলারশিপ বা আর্থিক সহায়তা পেয়ে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, আর্কিটেকচারের ব্যাচেলর্স ডিগ্রিধারী এবং ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন এবং সায়েন্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি বা আর্কিটেকচারের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স এবং সায়েন্সের সংশ্লিষ্ট শাখার স্নাতকোত্তর কোর্স ও ডক্টরাল প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও পরীক্ষা দেওয়ার জন্য আবেদন করতে পারেন। বৈধ 'গেট' স্কোর থাকলে বিভিন্ন সংস্থায় চাকরির জন্যও আবেদন করা যায়। ২১ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://gate.iitm.ac.in পরীক্ষার ফি ১,৫০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)। অনলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়া যাবে।

## কোর্স, ট্রেনিং

☐ *গার্ডেনরিচ শিপবিল্ডার্সে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের প্রি সি কোর্সে ট্রেনিং নিতে চাই। এ বিষয়ে বিস্তারিত জানাবেন। —প্রবুদ্ধ করগুপ্ত, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

☐☐ এক বছরের মেরিন ইঞ্জিনিয়ারিং প্রি-সি ট্রেনিং (টি এম ই/জি এম ই) কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। আসনসংখ্যা ৫০। শিক্ষাগত যোগ্যতা: এ আই সি টি ই বা ইউ জি সি কর্তৃক স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা নাভাল আর্কিটেকচার বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক অথবা স্নাতক স্তরে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। কোর্স ফি: ১,৮২,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে (সপ্তম ও অষ্টম সেমেস্টার) প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.grse.in ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Garden Reach Shipbuilders & Engineers Ltd.'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। তফসিলি প্রার্থীদের কোনও ফি লাগবে না। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৫ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: In-charge (TTC), GRSE Ltd, 5, R.N. Tagore Road, Kolkata-700056.

☐ *ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটে পাওয়ার প্লান্ট ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্স বিষয়ে বিস্তারিত জানাবেন। —শুভম মুখার্জি, দুনিগ্রাম, বীরভূম।*

☐☐ পাওয়ার প্লান্ট ইঞ্জিনিয়ারিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটের দিল্লির বদরপুর ক্যাম্পাস। কোর্সের মেয়াদ ৫২ সপ্তাহ। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। আসনসংখ্যা ৮০। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। কোর্স ফি ১,৪৫,০০০ টাকা (জি এস টি অতিরিক্ত)। শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.nptidelhi.net, www.nptigov.in পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা। অনলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কালেক্টের মাধ্যমে ফি জমা দিতে হবে। আবেদনপত্র ১৭ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Principal Director, National Power Training Institute (NR), Badarpur, New Delhi-110044.

☐ *হিন্দুস্তান এরোনটিক্সে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —অরিজিৎ দাস, উত্তর দিনাজপুর।*

☐☐ হিন্দুস্তান এরোনটিক্সে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং গ্রহণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। তিন বছর আগে ডিপ্লোমা পাশ করে থাকলে আবেদন করবেন না। এছাড়া, পূর্বে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ে অংশ নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় ধরে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না। দেখুন এই ওয়েবসাইট: www.apprenticeship.gov.in

## অন্যান্য চাকরি

☐ *এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে অ্যাভিওনিক্স বিভাগে এয়ারক্রাফট টেকনিশিয়ান পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —শুভময় ঘোষ, মানিকপুর, হাওড়া।*

☐☐ এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে অ্যাভিওনিক্স বিভাগে এয়ারক্রাফট টেকনিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ডি জি সি এ অনুমোদিত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও ও বি সিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ। অথবা কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং ও বি সিদের ক্ষেত্রে ৫৫ শতাংশে) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা অ্যারোনটিক্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন বা রেডিও ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের ডিগ্রি বা ৩ বছরের ডিপ্লোমা থাকতে হবে। এর পাশাপাশি, এয়ারক্রাফট মেইন্টেন্যান্সে এক বছরের অ্যাভিয়েশন-সংক্রান্ত অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। তবে কর্তৃপক্ষ মনে করলে ট্রেড টেস্ট বা স্কিল টেস্টও নিতে পারে। অ্যাভিওনিক্স বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে ২১ সেপ্টেম্বর ইন্টারভিউ হবে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: এয়ার ইন্ডিয়া এম আর ও নাগপুর, প্লট নম্বর ১, সেক্টর ৯, নোটিফায়েড এরিয়া অব এস ই জেড (খাপরি রেলস্টেশনের নিকটে), মিহান, নাগপুর-৪৪১ ১০৮। ইন্টারভিউয়ের সময় সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১২টা। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.airindia.in

☐ *মহানগর টেলিফোন নিগমে হিউম্যান রিসোর্স বিভাগে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জয়ন্ত দেবনাথ, মানসিংহপুর, হাওড়া।*

☐☐ মহানগর টেলিফোন নিগমে হিউম্যান রিসোর্স বিভাগে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনসে এম এ। ২৭ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mtnl.net.in

☐ *ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে টেলিকম বিভাগে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —অরিন্দম দাস, কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

☐☐ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে টেলিকম বিভাগে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক। এই তিন বিষয় মিলিয়ে অন্তত ৪৫ শতাংশ নম্বর থাকতে হবে। অথবা মাধ্যমিক এবং সেইসঙ্গে ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল বা কম্পিউটার বিষয়ে ২ বছরের আই টি আই কোর্স পাশ। অথবা মাধ্যমিক। সঙ্গে ইলেক্ট্রনিক্স বা কমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। বুকের ছাতি হতে হবে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। দেখুন এই ওয়েবসাইট: www.recruitment.itbpolice.nic.in

☐ *খড়্গপুর আই আই টিতে ফিজিক্যাল ট্রেনিং ইনস্ট্রাক্টর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রকাশ ভট্টাচার্য, বহরমপুর, মুর্শিদাবাদ।*

☐☐ খড়্গপুর আই আই টিতে ফিজিক্যাল ট্রেনিং ইনস্ট্রাক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ব্যাচেলার্স ডিগ্রি এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা, অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা এবং ৩ বছরের কাজের অভিজ্ঞতা। ডিজাইন অ্যান্ড এস্টিমেশন এবং বিল্ডিং কনস্ট্রাকশন ও মেন্টেন্যান্সের অভিজ্ঞতা থাকতে হবে। ২৪ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitkgp.ac.in পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ২৮ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Assistant Registrar (E-III), Indian Institute of Technology, Kharagpur-721 302. বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.iitkgp.ac.in

☐ *হৃষীকেশ এইমসে প্রাইভেট সেক্রেটারি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —মৃত্যুঞ্জয় সাধুখাঁ, দাঁতন, পশ্চিম মেদিনীপুর।*

☐☐ হৃষীকেশ এইমসে প্রাইভেট সেক্রেটারি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ১২০টি শব্দের দ্রুততায় ৭ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৪৫ মিনিট বা হিন্দিতে ৬০ মিনিটে কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে। সেক্রেটারিয়াল প্র্যাকটিসে ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে, হিন্দি ও ইংরেজি ভাষায় অসাধারণ দক্ষতা থাকলে এবং কম্পিউটারের ব্যবহার জানলে অগ্রাধিকার। ৩০ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in

☐ *ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে হেড কনস্টেবল পদে দরখাস্ত করেছি। এ ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —পলাশ মণ্ডল, কচুখালি, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও লিখিত পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সাড়ে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১১ ফুট লং জাম্প (তিনটি সুযোগে), সাড়ে ৩ ফুট হাই জাম্প (তিনটি সুযোগে)। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইংলিশ, জেনারেল হিন্দি, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, সিম্পল রিজনিং। প্রতিটি বিষয়ে ২০টি করে প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের নম্বর ১। সময় ২ ঘণ্টা। শিক্ষাগত যোগ্যতামান অনুসারে প্রশ্ন হবে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.recruitment.itbpolice.nic.in

নাম : ......................................

ঠিকানা : ......................................

......................................

......................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

### অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্যও পরীক্ষায় অতিরিক্ত সময় দেওয়া হোক

আমি ৭০ শতাংশ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী। স্বাভাবিকভাবে চলাফেরা করতে ও সিঁড়ি দিয়ে ওঠা-নামা করতে অক্ষম। বিগত বেশ কয়েক বছর ধরে বিভিন্ন চাকরির পরীক্ষা দিচ্ছি। আমার দুর্ভাগ্য, পরীক্ষার ফর্মে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী হিসেবে নিজেকে উল্লেখ করা সত্ত্বেও পরীক্ষাকেন্দ্রে প্রায়শই তৃতীয় বা দ্বিতীয় তলে আমার পরীক্ষার সিট পড়ে। বেশ কষ্ট করেই সিঁড়ি ভেঙে আমাকে ওপরে উঠতে হয়। ফলে নির্দিষ্ট সময়ের মধ্যে সিটে বসতে পারি না, পরীক্ষায় বসতে অনেক দেরি হয়ে যায়। অথচ বিজ্ঞপ্তিতে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের মতো আমাদের জন্য পরীক্ষায় কোনও অতিরিক্ত সময়েরও ব্যবস্থা নেই। একটি প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রতিটি সেকেন্ড যেখানে অমূল্য, নম্বরের ভগ্নাংশের তারতম্যে যেখানে পাশ-ফেল নির্ধারিত হয়, সেখানে শারীরিক বৈকল্যের কারণদুষ্ট একজন পরীক্ষার্থীকে বেশ খানিকটা দেরি হলেও পরীক্ষায় বসতে দেওয়া কি প্রশাসনের নৈতিক দায়িত্ব নয়?

**পরীক্ষার ফর্মে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী হিসেবে নিজেকে উল্লেখ করা সত্ত্বেও পরীক্ষাকেন্দ্রে প্রায়শই তৃতীয় বা দ্বিতীয় তলে আমার পরীক্ষার সিট পড়ে। বেশ কষ্ট করেই সিঁড়ি ভেঙে আমাকে ওপরে উঠতে হয়। ফলে নির্দিষ্ট সময়ের মধ্যে সিটে বসতে পারি না, পরীক্ষায় বসতে অনেক দেরি হয়ে যায়। অথচ বিজ্ঞপ্তিতে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের মতো আমাদের জন্য পরীক্ষায় কোনও অতিরিক্ত সময়েরও ব্যবস্থা নেই।**

পরীক্ষাকেন্দ্রে আমার সিটটা একতলায় করে দেওয়ার অনুরোধ করলেও তাতে কোনও লাভ হয় না। তাঁরা বলেন, এ ব্যাপারে তাঁদের কাছে ওপরমহল থেকে কোনও নির্দেশিকা পাঠানো হয়নি। তাই রোল নম্বর অনুযায়ী যেখানে আমার সিট পড়েছে সেখানেই বসতে বাধ্য হই।

আমার প্রশ্ন, কেন্দ্র ও রাজ্য উভয় সরকারের কাছ থেকে আমার মতো অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীরা কি এতটুকু মানবিকতা আশা করতে পারে না? আমার বিনীত আবেদন, কেন্দ্র এবং রাজ্য উভয় সরকারই যেন পরীক্ষার সিট ফেলার সময় এই বিষয়গুলি সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। যাতে আমার মতো প্রতিবন্ধী প্রার্থীরা এই চরম ভোগান্তির হাত থেকে মুক্তি পায়।

মনে রাখবেন, আমাদের মতো প্রতিবন্ধীরা কিন্তু অনেক প্রতিকূলতা কাটিয়ে শুধুমাত্র মনের জোরে পড়াশোনা করে সম্মানজনক একটা চাকরি নিয়ে মাথা উঁচু করে আর পাঁচটা সাধারণ মানুষের মতো বাঁচার চেষ্টা করছেন। দৃষ্টিসংক্রান্তই হোক বা শ্রবণসংক্রান্তই হোক বা অস্থিসংক্রান্তই হোক— প্রতিবন্ধকতা মানে কিন্তু প্রতিবন্ধকতাই। আর সেই প্রতিবন্ধকতার বিরুদ্ধে লড়াইটা কিন্তু সকলের ক্ষেত্রেই সমান। তাই আমার আবেদন প্রতিবন্ধীদের ধরন অনুযায়ী তাঁদের আলাদা না করে সকল প্রতিবন্ধী প্রার্থীকেই জীবনের পথে এগিয়ে চলার জন্য এবং তাঁদের প্রত্যেকের নিজ নিজ লড়াইকে সার্থক করে তোলার জন্য একই রকম সুযোগ-সুবিধা দেওয়া হোক। পরীক্ষার ক্ষেত্রে সকলকেই অতিরিক্ত সময় দেওয়া হোক। আশা করব, দেরিতে হলেও আমরা সুবিচার পাব।

**নাম প্রকাশে অনিচ্ছুক, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।**

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ইস্পাত নিগমে ৬৬৪

*প্রথম পাতার পর*

স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শাখা অনুসারে শূন্যপদ: মেকানিক্যাল:** শূন্যপদ: ৩৪৪টি (সাধারণ ১৭৪, তফসিলি জাতি ৫৯, তফসিলি উপজাতি ৮, ও বি সি ১০৩)। **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ: ২০৩টি (সাধারণ ১০৫, তফসিলি জাতি ৩৪, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৫৮)। **মেটালার্জি:** শূন্যপদ: ৯৮টি (সাধারণ ৪৯, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ১, ও বি সি ২৯)। **ইনস্ট্রুমেন্টেশন:** শূন্যপদ: ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। মোট শূন্যপদের মধ্যে ২৮টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। এ ছাড়াও দক্ষ খেলোয়াড় ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ নিয়মানুসারে সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি বা দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই বা ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা থাকতে হবে। মেকানিক্যাল শাখার ক্ষেত্রে ফিটার, মেশিনিস্ট, মিল রাইট ও টার্নার ট্রেড গ্রাহ্য হবে। ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে ইলেক্ট্রিশিয়ান ট্রেড এবং ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে। ইনস্ট্রুমেন্টেশন শাখার ক্ষেত্রে ইনস্ট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখা গ্রাহ্য হবে।

বি এসসি, বি কম বা বি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫০ সেমি, মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি। বুকের ছাতি উভয়ের ক্ষেত্রেই না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি। ওজন হতে হবে পুরুষদের ক্ষেত্রে ৪৫ কেজি, মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ উভয় চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে-ওয়ান বা এন-সিক্স হতে হবে। মায়োপিয়া ও হাইপার-মেট্রোপিয়া থাকলে, তা প্লাস/মাইনাস ২.০০ডি-র বেশি হলে চলবে না। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। বর্ণান্ধতা থাকলে চলবে না।

**বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দক্ষ খেলোয়াড়রা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,৭০০ টাকা ও ১২,২০০ টাকা। **সফল ট্রেনিং শেষে বেতনক্রম:** ১৬,৮০০-২৪,১১০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় উত্তীর্ণদের নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন হবে। কম্পিউটারভিত্তিক পরীক্ষা হবে দু'টি পর্যায়ে— প্রথম পর্বে থাকবে জেনারেল অ্যাপ্টিটিউড, জেনারেল অ্যাওয়ারনেস/জেনারেল নলেজ, ইংলিশ। দ্বিতীয় পর্বে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময়সীমা ২ ঘণ্টা। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

বিজ্ঞপ্তি নম্বর ০৩/২০১৭ অনুসারে যাঁরা এ বছরের ৯ থেকে ১৪ মে পর্যন্ত ভাইজ্যাগ স্টিল প্ল্যান্ট আয়োজিত অনলাইন পরীক্ষায় বসেছিলেন, তাঁদের আর নতুন করে দরখাস্ত করতে হবে না। তাঁদের পুরনো রেজিস্ট্রেশন নম্বর-সহ নতুন অ্যাডমিট কার্ড পাঠানো হবে। সেই সব প্রার্থীর তালিকা পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.vizagsteel.com

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizagsteel.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা (জি এস টি অতিরিক্ত)। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৬ সেপ্টেম্বর। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

যথাযথভাবে দরখাস্ত সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: ০৮৯১-২৭৪০৪০৫ (যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

# সেনাবাহিনীতে কয়েকশো সোলজার

*প্রথম পাতার পর*

আগে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। ২৭ অক্টোবরের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন ও দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in অনলাইন দরখাস্তে চালু ই-মেল অ্যাড্রেস উল্লেখ করবেন। ই-মেল না থাকলে আগে খুলে নিয়ে তারপর অনলাইন দরখাস্ত করবেন। জেলা ও সোলজারের ক্যাটেগরি অনুসারে র‌্যালিতে উপস্থিত হওয়ার তারিখ জানিয়ে প্রার্থীর ই-মেলে অ্যাডমিট কার্ড পাঠানো হবে। এই অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট নিয়ে নির্দিষ্ট দিন র‌্যালিকেন্দ্রে হাজির থাকতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা: সোলজার ট্রেডসম্যান:** মাধ্যমিক বা আই টি আই পাশ। হাউসকিপার, মেসকিপার ট্রেডের ক্ষেত্রে ক্লাস এইট পাশ।

**সোলজার জেনারেল ডিউটি:** মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকদের ক্ষেত্রে নম্বরের কড়াকড়ি কিছু নেই। তবে মাধ্যমিকে প্রতি বিষয়ে অন্তত ৩৩ শতাংশ করে নম্বর থাকতেই হবে।

**সোলজার ক্লার্ক/স্টোরকিপার (টেকনিক্যাল):** কমার্স বা সায়েন্স বা আর্টস শাখায় উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৬০ শতাংশ এবং প্রতি বিষয়ে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে। মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিক স্তরে অঙ্ক, বুক কিপিং ও অ্যাকাউন্ট্যান্সির মধ্যে যে-কোনও একটি বিষয় এবং ইংরেজি পড়ে থাকতে হবে এবং মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে এই বিষয়গুলিতে অন্তত ৫০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার টেকনিক্যাল:** ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স এবং ইংরেজি-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ নম্বর এবং প্রতি বিষয়ে অন্তত ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে।

**সোলজার টেকনিক্যাল (অ্যাভিয়েশন/অ্যামুনিশন এক্সামিনার):** ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স ও ইংরেজি-সহ উচ্চমাধ্যমিক। মোট অন্তত ৫০ শতাংশ এবং প্রতি বিষয়ে ৪০ শতাংশ করে নম্বর থাকতে হবে। অথবা মাধ্যমিক এবং সেইসঙ্গে মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা অটোমোবাইলস বা কম্পিউটার সায়েন্স অথবা ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড সোলজার ড্রেসার (ভেট আর ভি সি):** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি নিয়ে এবং এই চার বিষয়ের প্রতিটিতে অন্তত ৪০ শতাংশ এবং মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। বটানি বা জুলজি অথবা বায়ো-সায়েন্সের বি এসসি ডিগ্রিধারীদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকের নম্বর নিয়ে কড়াকড়ি নেই। তবে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ১-১০-২০১৮ তারিখে সোলজার জেনারেল ডিউটি ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২১ এবং অন্য সব ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** সোলজার ক্লার্ক/স্টোরকিপার ক্যাটেগরির ক্ষেত্রে উচ্চতা ১৬২ সেমি। অন্য সব পদের ক্ষেত্রে ১৬৯ সেমি। সব ক্যাটেগরির তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ১৬২ সেমি। বুকের ছাতি সোলজার ট্রেডসম্যান ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ৭৬, ফুলিয়ে ৮১ সেমি। অন্য সব ক্যাটেগরির ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি। ওজন: সোলজার ট্রেডসম্যান ক্যাটেগরির ক্ষেত্রে ৪৮ কেজি। অন্য সব ক্ষেত্রে ৫০ কেজি। সব ক্যাটেগরির তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৪৮ কেজি।

রাজ্য ও জাতীয়স্তরের খেলোয়াড়রা উচ্চতা, বুকের ছাতির মাপ এবং ওজনে যথাক্রমে ২ সেমি, ৩ সেমি ও ৫ কেজি এবং সমরকর্মী, প্রাক্তন সমরকর্মী ও যুদ্ধে নিহত সৈনিকদের ছেলেরা ওই তিন ক্ষেত্রে যথাক্রমে ২ সেমি, ১ সেমি ও ২ কেজি ছাড় পেয়ে থাকেন। দক্ষ খেলোয়াড়, এন সি সি সার্টিফিকেটধারী প্রার্থীরা বোনাস নম্বর পাবেন। এন সি সি 'সি' সার্টিফিকেট থাকলে সোলজার জেনারেল ডিউটি ও সোলজার ট্রেডসম্যান ক্যাটেগরির প্রার্থীদের লিখিত পরীক্ষায় বসতে হবে না এবং অন্যান্য ক্যাটেগরির প্রার্থীরা বোনাস ১৫ নম্বর পাবেন। এন সি সি 'সি' সার্টিফিকেটধারী প্রার্থীরা দিল্লিতে প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে অংশগ্রহণ করে থাকলে কোনও ক্যাটেগরির ক্ষেত্রেই লিখিত পরীক্ষা দিতে হবে না। ডোয়েক 'ও' লেভেল সার্টিফিকেট থাকলে সোলজার ক্লার্ক/স্টোরকিপার ক্যাটেগরির প্রার্থীরা বোনাস হিসেবে অতিরিক্ত ১৫ নম্বর পাবেন। সমরকর্মী, প্রাক্তন সমরকর্মীদের ছেলেরাও বোনাস নম্বর পাবেন।

প্রার্থী বাছাই হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষার মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: সর্বোচ্চ ৫ মিনিট ৪৫ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, জিগজ্যাগ ব্যালান্স, পুল আপ ও ৯ ফুট লং জাম্প (ডিচ)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে মেডিক্যাল টেস্ট ও লিখিত পরীক্ষা। ডাক্তারি পরীক্ষায় ছাড়পত্র পাওয়া সমস্ত প্রার্থীর লিখিত পরীক্ষা হবে। লিখিত পরীক্ষার বিস্তারিত সূচি পরে বারাকপুর আর্মি রিক্রুটিং অফিস থেকে জানিয়ে দেওয়া হবে।

## র‌্যালিতে সঙ্গে নিয়ে যাবেন

- ✓অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।
- ✓মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েশনের (থাকলে) অ্যাডমিট কার্ড, সার্টিফিকেট, মার্কশিট, রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং প্রতিটির দু'টি স্বপ্রত্যয়িত নকল। মাধ্যমিক অনুত্তীর্ণদের ক্ষেত্রে স্কুলের প্রধানশিক্ষক কর্তৃক স্বাক্ষরিত এবং ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব স্কুলসের কাউন্টার সিগনেচার-সহ স্কুল ট্রান্সফার সার্টিফিকেট ও মার্কশিট এবং সেগুলির প্রত্যয়িত নকল। প্রয়োজনে জন্মতারিখের সার্টিফিকেট ও তার স্বপ্রত্যয়িত নকল সঙ্গে রাখবেন। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা রেজিস্ট্রেশন, অ্যাডমিট কার্ড, মার্কশিট ও সার্টিফিকেটের ৩টি করে স্বপ্রত্যয়িত নকল সঙ্গে রাখবেন।
- ✓ডি এম বা এ ডি এম বা এস ডি ও-র অফিস থেকে অফিশিয়াল লেটার হেডে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ-সহ পার্মানেন্ট রেসিডেন্সিয়াল সার্টিফিকেট ও তার স্বপ্রত্যয়িত নকল।
- ✓গ্রাম পঞ্চায়েত প্রধান বা পুরসভার চেয়ারম্যানের কাছ থেকে নেওয়া ও গোল সিলমোহরের ছাপ দেওয়া ক্যারেক্টার সার্টিফিকেট ও তার ২টি প্রত্যয়িত নকল। ৬ মাসের বেশি পুরনো সার্টিফিকেট চলবে না। ২১ বছরের নীচের প্রার্থীদের ক্ষেত্রে এই সার্টিফিকেটে 'অবিবাহিত' কথাটি লেখা থাকতে হবে।
- ✓আদিবাসী ও তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে এস ডি ও-র অফিস অথবা ডি এম-এর অফিস থেকে নেওয়া কাস্ট সার্টিফিকেট ও তার স্বপ্রত্যয়িত নকল।
- ✓এন সি সি সার্টিফিকেট (থাকলে) ও তার স্বপ্রত্যয়িত নকল।
- ✓সমরকর্মী বা প্রাক্তন সমরকর্মী বা যুদ্ধে নিহত সৈনিকের বিধবার ছেলেদের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেকর্ড অফিস থেকে নেওয়া বোনাফায়েড সার্টিফিকেট ও তার স্বপ্রত্যয়িত নকল। রিলেশনশিপ সার্টিফিকেটে স্বাক্ষরকারীর আর্মি নম্বর, র‌্যাঙ্ক ও নামের উল্লেখ থাকতে হবে।
- ✓জাতীয় বা রাজ্যস্তরের খেলোয়াড়দের (গত ২ বছরের মধ্যে অন্তত দ্বিতীয় স্থানাধিকারী খেলোয়াড়রা বিবেচিত হবেন) ক্ষেত্রে স্পোর্টস সার্টিফিকেট ও তার স্বপ্রত্যয়িত নকল।
- ✓২০ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোর ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে। ফটো স্বপ্রত্যয়িত হওয়ার দরকার নেই।
- ✓অবাঙালি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলাশাসকের অফিস থেকে মঞ্জুর করা ডোমিসাইল বা নেটিভিটি সার্টিফিকেট ও তার প্রত্যয়িত নকল।
- ✓সিঙ্গল ব্যাঙ্ক অ্যাকাউন্ট প্রমাণপত্র, প্যান কার্ড, আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রত্যয়িত নকলের সঙ্গে মূল সার্টিফিকেট ও নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন।
- ✓১০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প পেপারে নোটারি কর্তৃক প্রত্যয়িত ও প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত এফিডেভিট।

অ্যাডমিট কার্ডের নির্দেশমতো নির্দিষ্ট দিন ভোর সাড়ে ৩টে থেকে সকাল ৬টার মধ্যে র‌্যালি কেন্দ্রে হাজির থাকতে হবে। র‌্যালি কেন্দ্রের ঠিকানা: আর সি টি সি গ্রাউন্ড, বারাকপুর, উত্তর ২৪ পরগনা। তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

এছাড়াও তথ্যের জন্য কলকাতা হেড কোয়ার্টার্সের রিক্রুটিং অফিসে, রবিবার ও অন্যান্য ছুটির দিন বাদে সকাল ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩)২২২৩-৬৮৯৭। অথবা ফোনে সরাসরি যোগাযোগ করতে পারেন বারাকপুর আর্মি রিক্রুটিং অফিসের সঙ্গে এই নম্বরে: (০৩৩)২৫৪৫-২৯৫৮।

*এফিডেফিটের বয়ান:*

**FORMAT OF AFFIDAVIT**

1. Name ___ Son of ___ while applying for enrolment in Army, solemnly affirm & state the following in my respect:-

PHOTOGRAPH OF THE CANDIDATE

(a) I belong to the caste ___ Sub Caste ___ Religion _____, & Mother tongue _____.

(b) My Residential Address are as under:-

(i) Permanent Address (Address as per Nativity/Permanent Resident Certificate)

Father's Name ________ House No ________
Vill/Mohalla ________ Post Office ________
Police Station ________ Tehsil ________
District ________ State ________
PIN ________

(ii **Postal Address**

Father's Name ________ House No ________
Vill/Mohalla ________ Post Office ________
Police Station ________ Tehsil ________
District ________ State ________
PIN ________

(c) I am married / unmarried

(d) I hereby certify that I am not involved in any civ / criminal case OR following Court cases / FIR are pending against me:-
(i) .................... (ii) ....................

(e) Aadhar No.................... (Optional)

(f) PAN Card No.................... (Optional)

2. I give an undertaking that all documents submitted by me are correct. All docu issued by Govt. org / offices have been signed by authorized designated and govt officials. If any document at any stage is found fake, I am aware that I will be dismissed from service and FIR will be lodged against me.

**Signature of Notary** **Signature of Candidate**

3. Parent Consent Certificate (if applicable)
My son ________ is below 18 years of age and I ________ give my consent, for my son to attend the Army Recruitment Rally.

**Signature of Notary** **Signature / Thumb Impression of Candidate's Father / Mother**

# রাজ্য পোস্টাল সার্কেলে ২৪২ মাল্টি টাস্কিং স্টাফ

*প্রথম পাতার পর*

১২টি, নর্থ প্রেসিডেন্সি: ৭টি, সাউথ প্রেসিডেন্সি: ১টি, নদিয়া উত্তর: ১টি, মুর্শিদাবাদ: ২টি, বীরভূম: ৬টি, আলিপুর হেড অফিস: ১টি, আসানসোল: ৩টি, বাঁকুড়া: ১টি, হাওড়া: ৪টি, মেদিনীপুর: ১১টি, বর্ধমান: ১টি, উত্তর হুগলি: ৩টি, পুরুলিয়া: ১টি, তমলুক: ৪টি, জলপাইগুড়ি: ১টি, দার্জিলিং: ১টি, কোচবিহার: ১টি, রেলওয়ে মেল সার্ভিস শিলিগুড়ি: ৩টি, পোস্টাল স্টোর্স ডিপো শিলিগুড়ি: ৪টি, কলকাতা রেলওয়ে মেল সার্ভিস: ৬টি, কলকাতা এ পি সর্টিং: ১৯টি, রেলওয়ে মেল সার্ভিস ওয়েস্ট বেঙ্গল: ১৭টি, রেলওয়ে মেল সার্ভিস এইচ: ৯টি, রেলওয়ে মেল সার্ভিস এস বি: ১১টি, ফরেন পোস্ট: ১৩টি, আন্দামান ও নিকোবর আইল্যান্ড: ২টি, সার্কেল স্ট্যাম্প ডিপো: ১টি।

প্রার্থী যে-কোনও একটি ডিভিশন বা ইউনিটের শূন্যপদের জন্যই আবেদন করতে পারবেন।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ, সঙ্গে স্থানীয় ভাষা জানতে হবে। স্থানীয় ভাষাটি অবশ্যই দশম শ্রেণি পর্যন্ত পড়ে থাকতে হবে।

বয়স: ৪-১০-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ১৮,০০০-২৯,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি ১০০ নম্বরের কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, ইংলিশ এবং সংশ্লিষ্ট স্থানীয় ভাষা। মোট সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে সিটি কোড): কলকাতা (০০১), শিলিগুড়ি (০০২), গ্যাংটক (০০৩), পোর্ট ব্লেয়ার (০০৪), মেদিনীপুর (০০৫), হাওড়া (০০৬), বর্ধমান (০০৭), বহরমপুর (০০৮)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://cpmgwbrecruit.in/recmtssep18 প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ৪ অক্টোবর। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় পাওয়া ইউনিক রেজিস্ট্রেশন নম্বর এবং পাসওয়ার্ড লিখে রাখবেন। এগুলি পরে কাজে লাগবে। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অ্যাপ্লিকেশন ফি বাবদ দিতে হবে ১২০ টাকা এবং পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের পরীক্ষার ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ই-পেমেন্ট সুবিধাযুক্ত যে-কোনও পোস্ট অফিসে, চালানের মাধ্যমে। পোস্ট অফিসের তালিকা পাবেন উপরোক্ত লিঙ্কে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ অক্টোবর। তবে, চালান ডাউনলোড করে নিতে হবে ৪ অক্টোবরের মধ্যে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.westbengalpost.gov.in প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: mtsexam2018@gmail.com

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৮ অগস্ট-৩ সেপ্টেম্বর

**২৮ অগস্ট** এশিয়াডে রুপো জিতেও নজির গড়লেন পি ভি সিন্ধু। তাইপেইয়ের তাই জু ইংয়ের কাছে ১৩-২১, ১৬-২১ গেমে হারলেন তিনি। কিন্তু হেরে গেলেও তিনিই প্রথম ভারতীয় ব্যাডমিন্টন খেলোয়াড় যিনি এশিয়ান গেমসে রুপো জিতলেন। তবে এই মরশুমে তিনটি বড় মঞ্চে ফাইনালে উঠে হেরে গেলেন তিনি। কমনওয়েলথ গেমস, ব্যাডমিন্টনের বিশ্ব চ্যাম্পিয়নশিপের পর এশিয়ান গেমস। এই বিভাগে ব্রোঞ্জ জিতেছেন সাইনা নেহওয়াল।

## নাগরিক পঞ্জি নিয়ে বাংলাদেশকে আশ্বস্ত করলেন মোদী



৩০ অগস্ট: কাঠমাণ্ডুতে বিমস্টেক সম্মেলনের পাশাপাশি দ্বিপাক্ষিক আলোচনায় বসলেন ভারত ও বাংলাদেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও শেখ হাসিনা। এ বছরের শেষেই ভোট বাংলাদেশে। তার আগে সম্ভবত শেষবার বৈঠকে বসলেন তাঁরা। বৈঠকে এনআরসি নিয়ে হাসিনাকে আশ্বাস দিয়েছেন মোদী। নির্বাচনের মুখে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি স্বাভাবিক থাক ভারত সেটাই চায় বলে জানিয়েছেন তিনি। অসমে বেআইনি অনুপ্রবেশকারী হিসেবে যাঁরা চিহ্নিত হয়েছেন তাঁদের ভারত বাংলাদেশে ফেরত পাঠাবে না বলেও হাসিনাকে আশ্বস্ত করেছেন মোদী। অন্যদিকে, রোহিঙ্গা সমস্যা নিয়েও ভারত বাংলাদেশকে সাহায্য করে যাবে বলেও জানিয়েছেন মোদী। উল্লেখ্য, কক্সবাজারে রোহিঙ্গা শরণার্থীদের জন্য ত্রাণ সামগ্রী পাঠিয়ে যাচ্ছে ভারত। আবার মায়ানমারের রাখাইন প্রদেশে রোহিঙ্গাদের জন্য নিরাপদ আবাসও গড়ে দেওয়া হচ্ছে। হাসিনার সঙ্গে বৈঠকে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ নিয়েও ইতিবাচক বার্তা দিয়েছেন মোদী। ছবি: পি টি আই

**২৯ অগস্ট** রাজ্যসভার প্রাক্তন সাংসদ তথা দক্ষিণী অভিনেতা নন্দামুরি হরিকৃষ্ণ (৬২) দুর্ঘটনায় মারা গেলেন। হরিকৃষ্ণ অন্ধ্রপ্রদেশের প্রয়াত মুখ্যমন্ত্রী তথা তেলেগু ফিল্ম ইন্ডাস্ট্রির স্তম্ভ এন টি রামারাওয়ের ছেলে এবং রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নায়ডুর শ্যালক। নেল্লোর জেলার কাভালিতে একটি বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে যাওয়ার সময় পথ দুর্ঘটনাটি ঘটে।

**সিন্ধু জলচুক্তি নিয়ে ইসলামাবাদে** দু'দিনের বৈঠকে যোগ দিলেন ভারত ও পাকিস্তানের কূটনৈতিক কর্তারা। ইমরান খান প্রধানমন্ত্রী হওয়ার পর এই প্রথম সরকারি পর্যায়ে বৈঠকে বসল দুই দেশ। বৈঠকে ভারতীয় জল কমিশনের নেতৃত্ব দিচ্ছেন কমিশনার পি কে সাক্সেনা। পাক সিন্ধু কমিশনের তরফে রয়েছেন সৈয়দ মেহের আলি শাহ্।

**৩০ অগস্ট** রুশ ক্ষেপণাস্ত্র কেনা নিয়ে ভারতকে হুঁশিয়ারি দিল আমেরিকা। রাশিয়ার কাছ থেকে ক্ষেপণাস্ত্র কিনলে ভারত তাদের নিষেধাজ্ঞা থেকে ছাড় পাবে এমন নিশ্চয়তা নেই বলে জানিয়ে দিল তারা। প্রসঙ্গত, রাশিয়ার কাছ থেকে দূরপাল্লার এস-৪০০ ক্ষেপণাস্ত্র সহ বিভিন্ন অস্ত্র কেনার কথা রয়েছে ভারতের। মার্কিন নিষেধাজ্ঞা অনুযায়ী, কোনও দেশ রাশিয়ার সঙ্গে প্রতিরক্ষা বা গোয়েন্দা তথ্য আদানপ্রদানের ক্ষেত্রে চুক্তিবদ্ধ হলে সেইসব দেশও মার্কিন নিষেধাজ্ঞার আওতায় আসবে। পেন্টাগনের এশিয়া বিষয়ক এক কর্তা জানিয়েছেন, ওয়াশিংটন দিল্লির সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে চলবে। তবে ভারত রাশিয়ার থেকে ক্ষেপণাস্ত্র কিনলে সেই সম্পর্ক নষ্ট হতে পারে।

## ইংল্যান্ডে সিরিজ হার ভারতের



২ সেপ্টেম্বর: ইংল্যান্ডের সঙ্গে পাঁচ টেস্টের সিরিজের নিষ্পত্তি হয়ে গেল চতুর্থ টেস্টেই। সাউদাম্পটনে ৬০ রানে পরাজিত হয়ে সিরিজও হেরে গেল ভারত। ইংল্যান্ডের প্রথম ইনিংসে ২৪৬ রানের জবাবে ভারত ২৭৩ রান করে। ইংল্যান্ডের দ্বিতীয় ইনিংসে শেষ হয় ২৭১ রানে। ভারতের সামনে ২৪৫ রানের টার্গেট খুব কঠিন বলে মনে না হলেও, কোহলি ৫৮ এবং রাহানে ৫১ রানে ফিরে যেতেই ম্যাচও হাত থেকে বেরিয়ে যায়। ১৮৪ রানে সকলে আউট হয়ে যায়। দুই ইনিংসে ৯ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়ে গেলেন মইন আলি।



“আর বি আই রিপোর্টই বলছে, নোটবাতিলে কাজের কিছুই হয়নি। মেক ইন ইন্ডিয়া কিংবা স্ট্যান্ড আপ ইন্ডিয়ার মতো প্রকল্প শিল্পে এখনও দাগ কাটতে পারেনি। সহজে ব্যবসা করার মতো জায়গায় পৌঁছতে পারেনি ছোট এবং ক্ষুদ্র শিল্পগুলি।”

ডঃ মনমোহন সিং, *প্রাক্তন প্রধানমন্ত্রী*
*নয়াদিল্লিতে একটি বইপ্রকাশ অনুষ্ঠানে*

## হেপ্টাথলনে সোনা বাংলার স্বপ্নার



২৯ অগস্ট: জাকার্তা এশিয়ান গেমসে অ্যাথলেটিক্সের হেপ্টাথলন ইভেন্টে সোনা জিতলেন বাংলার স্বপ্না বর্মণ। অ্যাথলেটিক্সের অন্যতম কঠিন প্রতিযোগিতা হল হেপ্টাথলন। এখানে মোট সাতটি ইভেন্টে লড়তে হয় প্রতিযোগীদের। সব ইভেন্ট মিলিয়ে মোট পয়েন্টের বিচারে বেছে নেওয়া হয় চ্যাম্পিয়নকে। এই ইভেন্টে দারুণ ফল করে টপকে গেলেন জীবনে প্রথমবার ৬০০০ পয়েন্টের মাইলস্টোন। হেপ্টাথলনে ৬০২৬ পয়েন্ট পেয়েছেন তিনি। ২০১৬ সাল থেকে কোমরের চোটের জন্য কোনও প্রতিযোগিতাতেই নামতে পারেননি স্বপ্না। চোট নিয়েই অংশ নিয়েছেন এশিয়াডে। ছবি: পি টি আই

**৩১ অগস্ট** বারাসাত থেকে বাংলাদেশ সীমান্তের পেট্রাপোল পর্যন্ত যশোর রোড সম্প্রসারণের কাজে ৩৫৬টির বেশি গাছ কাটা যাবে না বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট। রাস্তা সম্প্রসারণের জন্য ৪০৩৬টি গাছ কাটতে হবে বলে জানিয়ে আদালতে একটি প্রজেক্ট রিপোর্ট জমা দেয় রাজ্য সরকার। বহু প্রাচীন এই গাছগুলি কাটার বিরোধিতা করে একটি মানবাধিকার সংগঠন এবং একটি ছাত্র সংগঠন জনস্বার্থে মামলা করে। আদালতের ডিভিশন বেঞ্চ জানায়, কাটা পড়া প্রতিটি গাছের জন্য পাঁচটি গাছ লাগাতে হবে। আদালতের রায়ে সন্তুষ্ট না হয়ে দুই সংগঠনের পক্ষ থেকে জানানো হয় ৩৫৬টি গাছ কাটার ওপরও স্থগিতাদেশ দেওয়া হোক। কারণ সেই গাছগুলিও যথেষ্ট প্রাচীন। ফলে ৩৫৬ গাছ কাটা যাবে জানিয়েও বিষয়টির ওপর ফের তিন সপ্তাহের স্থগিতাদেশ দিয়েছে আদালত।

**মিশে গেল ভারতের দুই টেলিকম সংস্থা** আইডিয়া ও ভোডাফোন। তৈরি হল নতুন সংস্থা ভোডাফোন আইডিয়া লিমিটেড। ৪০ কোটিরও বেশি গ্রাহক সংখ্যার বিচারে এটিই এখন দেশের বৃহত্তম টেলিকম সংস্থা হতে চলেছে। একবছর আগেই সংযুক্তির কথা জানিয়েছিল ভোডাফোন ও আইডিয়া। এ দিন তা চূড়ান্ত হল।

**ক্ষোভের সঙ্গে দেশের কোনও বিষয় নিয়ে** বা দেশের সমালোচনা করলেই সেটা রাষ্ট্রদ্রোহ নয় বলে অভিমত প্রকাশ করল জাতীয় আইন কমিশন। কমিশনের মতে, হিংসার মাধ্যমে বা অন্য কোনও বেআইনি পথে সরকারকে উৎখাত করার লক্ষ্যে কিছু করা হলে, সেই ক্ষেত্রে রাষ্ট্রদ্রোহিতার অভিযোগ আনা যেতে পারে। একটি আলোচনাপত্রে নিজেদের বক্তব্য প্রকাশ করেছে আইন কমিশন। তবে এই বক্তব্যকে এখনই তারা কেন্দ্রীয় সরকারের কাছে চূড়ান্ত মত বা সুপারিশের আকারে পাঠাচ্ছে না। এ নিয়ে আরও বিতর্ক হওয়া দরকার বলে মনে করে তারা।

**১ সেপ্টেম্বর** চালু হয়ে গেল ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক বা আইপিপিবি। নয়াদিল্লির তালকাটোরা স্টেডিয়ামে ব্যাঙ্কের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এ দিন থেকেই সারা দেশে ব্যাঙ্কের সাড়ে ছ'শো শাখা ও ৩২৫০টি অ্যাক্সেস পয়েন্টও চালু হয়ে গেল। সরকারের পক্ষ থেকে আগেই জানানো হয়েছিল, গ্রামাঞ্চলে ব্যাঙ্কিং পরিষেবাকে ছড়িয়ে দেওয়ার জন্যই এই ব্যবস্থা করা হচ্ছে। দেশের দেড় লক্ষেরও বেশি পোস্ট অফিস এবং সেখানে কর্মরত তিন লক্ষেরও বেশি পোস্টম্যান ও গ্রামীণ ডাক সেবককে এই কাজে ব্যবহার করা হবে।

**মাত্র ৫১ বছর বয়সেই প্রয়াত হলেন জৈন** সন্ন্যাসী তরুণ সাগর। জৈনদের দিগম্বর শাখার এই সন্ন্যাসী অহিংসার বার্তা প্রচার করে জনপ্রিয়তা পান। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি সহ বহু বিশিষ্ট মানুষ শোকপ্রকাশ করেছেন। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ বলেছেন,'কড়ওয়ে প্রবচনের জন্য বিখ্যাত তরুণ সাগরকে শান্তি ও অহিংসার বার্তা ছড়িয়ে দেওয়ার জন্যই সকলে মনে রাখবেন।'

**দ্বিপাক্ষিক বিরোধের জেরে প্রতিবেশী** দেশ কাতারকে ৬০ কিলোমিটার দীর্ঘ খাল কেটে ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন করে দেওয়ার উদ্যোগ নিল সৌদি আরব। এ ভাবেই প্রতিবেশীর ভৌগোলিক সংজ্ঞা পাল্টে দিতে উদ্যোগী হল তারা। সৌদি সীমান্ত ছাড়া কাতারের তিন দিকেই সমুদ্র। ফলে পারস্য উপসাগরের দুই প্রান্তকে খাল কেটে জুড়ে দিলে কাতার কার্যত দ্বীপরাষ্ট্রে পরিণত হবে। সালওয়া নামে এই খালটি কাটতে খরচ হবে ৭৫ কোটি ডলার। ২০০ মিটার চওড়া খালে জাহাজ চলাচলের ব্যবস্থা থাকবে। ১৫-২০ মিটার গভীর খালের একটি অংশে পরমাণু বর্জ্য ফেলার বিশেষ পরিকাঠামোও গড়া হবে। খালের তীরে হোটেল, রিসর্ট গড়ে জায়গাটিকে পর্যটন ক্ষেত্র হিসেবেও গড়ে তোলার পরিকল্পনা রয়েছে সৌদি আরবের। কাতারের কাছে আন্তর্জাতিক মঞ্চে বিষয়টি নিয়ে প্রতিবাদ জানানোর কোনও সুযোগ থাকছে না কারণ পুরো প্রকল্পটি হচ্ছে সৌদি আরবের জমিতে। পশ্চিম এশিয়ার এই দুই তেল সমৃদ্ধ দেশের মধ্যে বিরোধ দীর্ঘ দিনের। সৌদি আরব, মিশর, বাহরিন, সংযুক্ত আরব আমিরশাহি, ইয়েমেনের মতো উপসাগরীয় অঞ্চলের বেশ কয়েকটি দেশ গত বছরের জুন মাসে কাতারের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে। কাতার উপসাগরীয় অঞ্চলে সন্ত্রাসবাদী কাজকর্মে মদত দিচ্ছে বলে তাদের অভিযোগ।

**২ সেপ্টেম্বর** পাকিস্তানকে ৩০ কোটি ডলার অর্থসাহায্য দেওয়ার যে কথা ছিল তা বাতিল করার সিদ্ধান্ত নিল পেন্টাগন। চলতি বছরের গোড়ার দিকে পাকিস্তানের জন্য 'কোয়ালিশন সাপোর্ট ফান্ড' বা সিএসএফ হিসেবে বরাদ্দ ৫০ কোটি ডলারের অর্থসাহায্য বাতিল করেছিল আমেরিকা। এ দিনের সিদ্ধান্তের পর বাতিল হওয়া সাহায্যের পরিমাণ ৮০ কোটি ডলারে পৌঁছল। সিদ্ধান্তটি মার্কিন কংগ্রেসে পাশ হলেই তা কার্যকর হবে। পেন্টাগনের মুখপাত্র লেফটেন্যান্ট কর্নেল কোন ফকনার বলেন, 'দক্ষিণ এশিয়ায় কৌশলগত ভাবে পাকিস্তান কোনও দৃঢ় সিদ্ধান্ত নিতে পারেনি। তার জেরেই বকেয়া ৩০ কোটি ডলার অন্য খাতে বরাদ্দ করা হবে।'

## মহিলাদের রিলেতে সোনা ভারতের



৩০ অগস্ট: এশিয়ান গেমসে মহিলাদের ৪০০ মিটার রিলে রেসে ভারতীয় দলকে সোনা এনে দিলেন হিমা দাস, এম আর পুভাম্মা, সরিতা গায়কোয়াড় এবং ভি কে বিস্ময়া। হিমা এর আগে ব্যক্তিগত ইভেন্টে ৪০০ মিটার দৌড়ে রুপো জিতেছিলেন। এ দিনও দলগত ইভেন্টে হিমাই দৌড় শুরু করে ভারতকে অনেকটা এগিয়ে দেন। উল্লেখ্য, ২০০২ -এর এশিয়ান গেমস থেকে এই নিয়ে টানা পাঁচ বার মহিলাদের রিলে-তে সোনা জিতল ভারত। ছবি: পি টি আই

**৩ সেপ্টেম্বর** মায়ানমারে দুই সাংবাদিককে দোষী সাব্যস্ত করল ইয়াঙ্গন আদালত। দেশের গোপন তথ্য ফাঁস করে দেওয়ার অপরাধে দোষী সাব্যস্ত করে সাত বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে তাদের। যদিও 'রয়টার্স'-এ কর্মরত এই দুই সাংবাদিক দাবি করেছেন, মায়ানমারের সংঘর্ষ বিধ্বস্ত রাখাইন প্রদেশের রোহিঙ্গাদের নিয়ে খবর লেখার জন্য এই শাস্তির মুখে পড়তে হল তাঁদের।

**কর্নাটক পুরভোটে বেশিরভাগ আসনেই** জয়ী হল কংগ্রেস-জেডিএস। গত মে মাসে জোট সরকার গঠনের পর এই প্রথম ভোট হল সেখানে। কংগ্রেস সবচেয়ে বেশি আসন পেয়েছে। দ্বিতীয় বিজেপি। জেডিএস তৃতীয় স্থান পেয়েছে। নির্বাচনের আগে কংগ্রেস ও জেডিএস আসনরফা না করলেও এক সঙ্গে বোর্ড গড়ছে তারা।

## রিও জাদুঘর ভস্মীভূত



২ সেপ্টেম্বর: বিধ্বংসী আগুনে ভস্মীভূত হয়ে গেল রিও ডি জেনেইরোতে ব্রাজিলের জাতীয় সংগ্রহশালা। সে দেশের প্রেসিডেন্ট মিশেল তেমের বলেছেন,'দেশের জ্ঞান এবং ঐতিহ্যের ভয়াবহ ক্ষতি হয়ে গেল।' ১৮১৮ সালে রাজা ষষ্ঠ জোয়াও প্রতিষ্ঠা করেন এই জাদুঘরটির। এক সময়ের পর্তুগিজ রাজপ্রাসাদ এই ভবনটিও একটি ঐতিহাসিক স্মারক। বিশ্বের নানা জায়গার ২ কোটি মূল্যবান সংগ্রহ রয়েছে এখানে। প্রেসিডেন্ট তেমের আরও বলেন,'দুই শতকের বিপুল ঐতিহাসিক সংগ্রহ, গবেষণা—এ দিনের আগুনে সবই হয়তো পুড়ে নষ্ট হয়ে গিয়েছে।' রিও জাদুঘরে রয়েছে গ্রিক-রোমান সময়ের বহু শিল্পনিদর্শন, মিশরের বহু মূল্যবান সংগ্রহ। এখানেই রয়েছে ব্রাজিল সীমান্ত থেকে পাওয়া প্রাচীনতম মানব জীবাশ্ম 'লুজিয়া'। এখানে একটি ডাইনোসরের কঙ্কালও রয়েছে।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

শেষ মুহূর্তের মহড়া

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

পরীক্ষা ১৭ সেপ্টেম্বর

1. আমাদের মাথার ভারসাম্য রক্ষা করে কোন অঙ্গ?
(a) ব্রেন (b) কান (c) হাত (d) চোখ
2. জাহাজের গতি মাপার জন্য কোন একক ব্যবহার করা হয়?
(a) নট (b) জুল (c) মিটার (d) কুলম্ব
3. ঘড়িতে দম দিলে কোন শক্তি থেকে কোন শক্তিতে রূপান্তরিত হয়?
(a) স্থিতিশক্তি-গতিশক্তিতে (b) স্থিতিশক্তি-যান্ত্রিকশক্তিতে (c) গতিশক্তি-চৌম্বকশক্তিতে (d) স্থিতিশক্তি-চৌম্বকশক্তিতে
4. কম্পিউটারের 'বাইনারি সিস্টেম' সংখ্যা পদ্ধতিতে সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট রাশি দু'টি কী?
(a) 11 ও 1 (b) 1 ও 0 (c) 0 ও 9 (d) 1 ও 10
5. অ্যানাসথেসিয়ার কাজে প্রথম কোন গ্যাস ব্যবহার হত?
(a) লাফিং গ্যাস (b) কাঁদানে গ্যাস (c) অ্যাসিটিলিন (d) হিলিয়াম
6. বিমানের ফ্লাইট রেকর্ডার কী নামে পরিচিত?
(a) ককপিট বক্স (b) ব্ল্যাক বক্স (c) ম্যাজিক বক্স (d) ডেটা বক্স
7. এশিয়ার প্রথম সাইক্লোট্রন যন্ত্র কে বসিয়েছিলেন?
(a) জগদীশ চন্দ্র বসু (b) মেঘনাদ সাহা (c) ডাঃ ইউ এন ব্রহ্মচারী (d) আচার্য প্রফুল্ল চন্দ্র রায়
8. 'ফিলট্রাম' হল:
(a) ঠোঁট ও নাকের মধ্যবর্তী চাপা অংশ (b) মাথার ও ঘাড়ের মধ্যবর্তী অংশ (c) কানের নরম অংশ (d) চোখের ভেতরের অংশ
9. 'ক্যাসিনি'স ডিভিশন' কোন গ্রহে আছে?
(a) শুক্র (b) শনি (c) মঙ্গল (d) বুধ
10. World Animal Day পালিত হয়:
(a) 4 অক্টোবর (b) 30 নভেম্বর (c) 21 ডিসেম্বর (d) 7 জানুয়ারি
11. ডাটুরিন উপক্ষারের উৎস হল:
(a) কফি গাছ (b) ধুতুরা গাছ (c) চা গাছ (d) ঘৃতকুমারী
12. 'সিনওল' রাসায়নিকটি কোন মশলার গন্ধে পাওয়া যায়?
(a) এলাচ (b) হলুদ (c) লবঙ্গ (d) দারচিনি
13. কম্পিউটারের মনিটর হল একটি:
(a) আউটপুট ডিভাইস (b) ইনপুট ডিভাইস (c) স্টোরেজ ডিভাইস (d) কোনওটিই নয়
14. বাতাসে কোন গ্যাস জ্বললে নীল শিখা দেখা যায়?
(a) হাইড্রোজেন (b) নাইট্রোজেন (c) কার্বন ডাইঅক্সাইড (d) অক্সিজেন
15. 'গ্যামাক্সিন' হল একটি:
(a) কীটনাশক (b) সার (c) শৈবালনাশক (d) ছত্রাকনাশক
16. ইউরিয়া তৈরিতে কোন গ্যাস ব্যবহার করা হয়?
(a) $CO_2$ (b) $O_2$ (c) $NH_3$ (d) $H_2$
17. নীচের কোনটি অসম্পূর্ণ ফুলের উদাহরণ?
(a) জবা (b) কুমড়ো (c) সূর্যমুখী (d) ধুতুরা
18. কম্পিউটার, মোবাইল বস্তুজাত বর্জ্যকে বলা হয়:
(a) টক্সিক ওয়েস্টেজ (b) রেডিও ওয়েস্টেজ (c) ই-ওয়েস্টেজ (d) হ্যাজার্ড ওয়েস্টেজ
19. 'জিপসাম'-এর রাসায়নিক নাম হল:
(a) ক্যালশিয়াম সালফেট (b) ক্যালশিয়াম কার্বোনেট (c) কপার সালফেট (d) জিঙ্ক সালফেট
20. দন্ত চিকিৎসায় কী ধরনের দর্পণ ব্যবহার করা হয়?
(a) অবতল (b) উত্তল (c) সমতল (d) অধিবৃত্তীয়
21. 'রাইনোপ্লাস্টি' বলতে মানুষের কোন অঙ্গের সার্জারিকে বোঝায়?
(a) নাক (b) চোখ (c) কান (d) গলা
22. মানুষের হাড় কোন কোন উপাদান দিয়ে তৈরি হয়?
(a) ক্যালশিয়াম ও ফসফরাস (b) ক্যালশিয়াম ও সোডিয়াম (c) ক্যালশিয়াম ও লোহা (d) ক্যালশিয়াম ও নাইট্রোজেন
23. 'আমলকী'-তে কোন অ্যাসিড বর্তমান?
(a) ম্যালিক অ্যাসিড (b) অক্সালিক অ্যাসিড (c) এমাইল অ্যাসিড (d) অকটাইল অ্যাসিড
24. পারমাণবিক পদার্থবিদ্যার জনক হলেন:
(a) আলবার্ট আইনস্টাইন (b) আইজ্যাক নিউটন (c) আরনেস্ট রাদারফোর্ড (d) আইজ্যাক অ্যাসিমভ
25. মানবদেহের সবচেয়ে বড় গ্রন্থি হল:
(a) লিভার (b) হার্ট (c) ব্রেন (d) কিডনি
26. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্রের নাম হল:
(a) পাইরোমিটার (b) ওডোমিটার (c) ট্যাকোমিটার (d) ম্যানোমিটার
27. কাঁচা ফল পাকাতে সাহায্য করে:
(a) মিথেন (b) ইথিলিন (c) ইথেন (d) অ্যাসিটিলিন
28. 'ক্যালোরিমিটার' তৈরি করতে কোন ধাতু ব্যবহৃত হয়?
(a) সীসা (b) কপার (c) জিঙ্ক (d) আয়রন
29. ভিটামিন বি-12-এ কোন ধাতু বর্তমান?
(a) আয়রন (b) কোবাল্ট (c) তামা (d) সীসা
30. 'ব্লু রেভেলিউশন' কীসের সঙ্গে যুক্ত?
(a) মাছ উৎপাদন (b) দুধ উৎপাদন (c) বন্যা নিয়ন্ত্রণ (d) কৃষি উৎপাদন
31. বিরাট কোহলি কতবার 'পলি উমরিগড়' পুরস্কার পেয়েছেন?
(a) 4 বার (b) 3 বার (c) 2 বার (d) একবারও নয়
32. 'রাজ্য বিধানসভায় কার অনুমতি ছাড়া অর্থ বিল উত্থাপন করা যায় না?
(a) মুখ্যমন্ত্রী (b) রাজ্যপাল (c) অর্থমন্ত্রী (d) অধ্যক্ষ
33. বিন্দুসারের উপাধি কী ছিল?
(a) অজাতশত্রু (b) অমিত্রঘাত (c) শকারি (d) কবিরাজ
34. 'Leading from the Front' তথ্যচিত্রটি কার জীবন নিয়ে তৈরি করা হয়েছে?
(a) কপিলদেব (b) ইমরান খান (c) ভিভিয়ান রিচার্ড (d) অনিল কুম্বলে
35. 'নুঙ্কু' কোন রাজ্যের উৎসব?
(a) অরুণাচল প্রদেশ (b) মিজোরাম (c) সিকিম (d) মেঘালয়
36. 'উত্তর-পূর্ব রেলওয়ের প্রধান কার্যালয় কোথায়?
(a) গোরক্ষপুর (b) মালগাঁও (c) জয়পুর (d) এলাহাবাদ
37. ফিনল্যান্ড-এর রাজধানী হল:
(a) সুভা (b) জাকার্তা (c) হেলসিঙ্কি (d) রাবাত
38. জাকার্তা এশিয়ান গেমস 2018-তে 'জিনসন জনসন' কত মিটার দৌড়ে সোনা জেতেন?
(a) 1500 মিটার (b) 800 মিটার (c) 400 মিটার (d) 100 মিটার
39. চৌধুরি চরণ সিং এয়ারপোর্ট ভারতের কোন শহরে অবস্থিত?
(a) লখনউ (b) বারাণসী (c) মুম্বই (d) অমৃতসর
40. 'পঞ্চশীল' কথাটি কোন ধর্মের সঙ্গে সম্পর্কযুক্ত?
(a) জৈন (b) শিখ (c) বৌদ্ধ (d) খ্রিস্ট
41. 'ভিনেশ ফোগট' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) কুস্তি (b) শুটিং (c) দাবা (d) হকি
42. সংবিধান অনুযায়ী আমাদের দেশ হল:
(a) ইন্ডিয়া (b) হিন্দুস্থান (c) ভারত (d) প্রজাতন্ত্র ভারত
43. 'ধান জ্যোৎস্না' উপন্যাসটির লেখক হলেন:
(a) আফসার আহমেদ (b) রমাপদ চৌধুরি (c) সমরেশ বসু (d) আবুল বাশার
44. 'DRDO' পুরো কথা হল:
(a) Defence Research and Development Organisatin (b) Defence Resources and Development Organisation (c) Development of Defence Research Organisation (d) Department of Research and Development Organisation
45. 'ক্রিকেটার শচীন তেন্ডুলকর কত সালে ভারতরত্ন সম্মানে ভূষিত হন?
(a) 2013 (b) 2009 (c) 2007 (d) 2010
46. 'কেন্দ্রীয় হিন্দি সমিতি'-র চেয়ারম্যান কে?
(a) লোকসভার অধ্যক্ষ (b) প্রধানমন্ত্রী (c) রাষ্ট্রপতি (d) উপ-রাষ্ট্রপতি
47. 'নীললোহিত' কার ছদ্মনাম?
(a) প্রভাত কিরণ বসু (b) তারাপদ রায় (c) সুবোধ ঘোষ (d) সুনীল গঙ্গোপাধ্যায়
48. ফিফা বিশ্বকাপ-2018-তে ফাইনালে কে সেরা খেলোয়াড়ের শিরোপা পান?
(a) আতোঁয়া গ্রিজম্যান (b) লুকা মদ্রিচ (c) কিলিয়ান এমবাপে (d) পল পোগবা
49. 'Diplomatic Encounter' বইটি কার লেখা?
(a) অরুন্ধতী রায় (b) কিরণ দেশাই (c) ঝুম্পা লাহিড়ি (d) বিক্রম শেঠ
50. 'National Maritime Search and Rescue Award 2018' পুরস্কার কে পেলেন?
(a) গোপাল দাস (b) মিলন শংকর টারে (c) রমাকান্ত রথ (d) তাহিরা সফদার
51. রাজন A থেকে পূর্বদিকে P পর্যন্ত যায়। তারপর বাঁদিকে L পর্যন্ত যায়। তারপর ডানদিকে R পর্যন্ত পৌঁছয়। এখন রাজনের মুখ কোন দিকে থাকবে?
(a) উত্তর (b) দক্ষিণ (c) পূর্ব (d) পশ্চিম
52. পার্থ সুদীপের থেকে বড় ও সুজিতের থেকে ছোট; সুপ্রিয় ও সুদীপ সমবয়সি হলে, নীচের কোন বক্তব্যটি ভুল।
(a) সুদীপ সুজিতের থেকে ছোট (b) সুপ্রিয় সুজিতের থেকে ছোট (c) পার্থ সুপ্রিয়র থেকে বড় (d) সুজিত সবার থেকে বড় নয়
53. নীচের সংখ্যাসারিটি সম্পূর্ণ করুন।
50, 49, 47, 44, 40, ?
(a) 38 (b) 35 (c) 37 (d) 36
54. নীচের কোন শব্দটি Dictionary অনুযায়ী শেষে আসবে?
(a) Fashion (b) Fancy (c) Fairy (d) Facing
55. যদি একটি নির্দিষ্ট কোডে LAPTOP = LXPTXP লেখা হয় তবে DESKTOP -এর কোড কী লেখা হবে?
(a) DXKSTXP (b) DXSKTXP (c) DESKTXP (d) DXSKPXT
56. নীচের কোন ছবিটি আলাদা?



(a) (b) (c) (d)

57. আর্জেন্টিনার সঙ্গে 'বুয়েনস এয়ারেস'-এর যে সম্পর্ক, নীচের কোনটির সঙ্গে 'অটোয়া'-র সেই সম্পর্ক।
(a) কানাডা (b) কাতার (c) কলম্বিয়া (d) কিউবা
58. একটি ঘড়িতে 12 : 30 মিনিটের সময় ঘণ্টার কাঁটা উত্তরদিকে মুখ ও মিনিটের কাঁটা দক্ষিণদিকে মুখ হলে, 1 : 45 মিনিটের সময় ঘণ্টার কাঁটা কোন দিকে থাকবে?
(a) দক্ষিণ-পূর্ব (b) দক্ষিণ-পশ্চিম (c) উত্তর-পূর্ব (d) উত্তর-পশ্চিম
59. নীচের কোন ভেনচিত্রটি আগ্নেয়শিলা, গ্রানাইট, কাদাপাথর-এর মধ্যে সম্পর্ক বোঝাচ্ছে?



(a) (b) (c) (d)

এরপর এগারোর পাতায়

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

**Direction (71 to 75):** *Fill in the blanks with suitable phrasal verbs from the given four alternatives.*
71. Over-eating ____ his health.
(a) told on (b) told upon (c) turned up (d) turned on
72. You must ____ for the loss.
(a) make out (b) make up (c) make for (d) make upto
73. I cannot ____ your name.
(a) bear out (b) call on (c) call up (d) call in
74. The bull ____ the hawker.
(a) run into (b) ran after (c) ran on (d) ran at
75. He ____ within a week.
(a) came round (b) came over (c) got over (d) got out
76. If the difference of the squares of two natural numbers is 19, then the sum of the square of these number is:
(a) 189 (b) 190 (c) 181 (d) None of these
77. Four metal rods of lengths 78 cm, 104 cm, 117 cm, and 169 cm are to be cut into parts of equal length. Each part must be as long as possible. The maximum number of pieces that can be cut from the four rods is:
(a) 27 (b) 36 (c) 43 (d) 48
78. If $\frac{x}{2x+y+z} = \frac{y}{x+2y+z} = \frac{z}{x+y+2z} = a$, and $x + y + z \neq 0$, then the value of a is:
(a) $\frac{1}{3}$ (b) $\frac{1}{4}$ (c) $\frac{1}{2}$ (d) $\frac{1}{8}$
79. The marks scored in an examination are converted from 50 to 10 for the purpose of internal assessment. The highest and the lowest marks were 47 and 14 respectively. The difference between the maximum and the minimum internal assessment score is:
(a) 3.3 (b) 4.8 (c) 5.4 (d) 6.6
80. The ratio between the ages of Ram and Mohan is 4 : 5 and that between the ages of Ran and Anil is 5 : 6. If the sum of the ages of the three is 69 years, what is Mohan's age (in years)?
(a) 20 (b) 24 (c) 25 (d) 30
81. $(18)^{3.5} \times (27)^{-3.5} \times 6^{3.5} = 2^{y}$
(a) 3.5 (b) 4.5 (c) 6 (d) 7
82. Peter got 30% of the maximum marks in an exam. and failed by 10 marks. Paul who took the same examination got 40% of the total marks and got 15% more than the passing marks. The passing marks in the exam. is:
(a) 85 (b) 80 (c) 75 (d) 70
83. The single discount equivalent to a series of discounts 10%, 20% and 30% is:
(a) 50.4% (b) 49.6% (c) 50.2% (d) 49.8%
84. A dishonest dealer marks his goods 25% above cost price but allows 12.5% discount for cash payment. If he sells the article for ₹ 875, the cost price of the article is:
(a) ₹ 780 (b) ₹ 790 (c) ₹ 800 (d) ₹ 810
85. On selling 17 balls at ₹ 720, there is a loss equal to the cost price of 5 balls. The cost price of a ball is:
(a) ₹ 45 (b) ₹ 50 (c) ₹ 55 (d) ₹ 60
86. A sum of ₹ 6400 is divided among three workers in the ratio $\frac{3}{5}$ : 2 : $\frac{5}{3}$. The share (in rupees) of the second worker is:
(a) 2560 (b) 3000 (c) 3200 (d) 3840
87. Dilip, Ram and Avtar started a shop by investing ₹ 2700, ₹ 8100 and ₹ 7200 respectively. At the end of one year, the profit earned was distributed. If Ram's share was ₹ 3600, the total profit (in rupees) is:
(a) 8000 (b) 10800 (c) 11600 (d) Data inadequate
88. 30 labourers, working 7 hrs a day can finish a piece of work in 18 days. If the labourers work 6 hrs a day, then the number of labourers to finish the same piece of work in 30 days, will be:
(a) 15 (b) 21 (c) 22 (d) 25
89. A tank is filled by two pipes A and B in 20 and 30 minutes respectively. If both the pipes are opened together, how long will it take to fill the tank (in minutes):
(a) 12 (b) 15 (c) 25 (d) 50
90. A dishonest dealer professes to sell his goods at cost price but he uses a false weight of 960 gm for the kg weight. The gain per

এরপর বারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

60. কোনও মাসের 9 তারিখ যদি রবিবার হয়, তবে মাসের 1 তারিখ কী বার হবে?
(a) সোমবার (b) মঙ্গলবার (c) শনিবার (d) শুক্রবার

61. COMPETITION শব্দটির মধ্যে যে বর্ণগুলি আছে সেগুলি ব্যবহার করে নীচের কোন শব্দটি লেখা যাবে না?
(a) Nomination (b) Motivation (c) Emotion (d) Notice

62. যদি NINE = INEN হয় তবে FIVE = কী হবে?
(a) VEFI (b) IFEV (c) EVFI (d) EIFV

63. ছবিতে কতগুলি ত্রিভুজ আছে?



(a) 23 (b) 25 (c) 27 (d) 20

64. যদি P = +, M = –, D = ÷, E = × হয় তবে 18E36D12M6P7 কত হবে?
(a) 55 (b) 64 (c) 57 (d) 62

65. নীচের ঘনকটিতে 5-এর বিপরীতে কোন সংখ্যা আছে?




(a) 1 (b) 2 (c) 3 (d) 4

66. '?' স্থানে সঠিক বিকল্পটি বসান:
BYX, CXW, DWV, EVU, ?
(a) FUT (b) FVT (c) FWT (d) FTW

67. নীচের '?' স্থান সঠিক বিকল্পটি বসান:
বিষ্ণুগুপ্ত : চাণক্য : : আমির খসরু : ?
(a) তোতাপাখি (b) কবিরাজ (c) অমিত্রঘাত (d) লুথার

68. নীচের কোন বিকল্পটি আলাদা?
(a) ম্যালেরিয়া (b) ডায়েরিয়া (c) ফাইলেরিয়া (d) ডেঙ্গু

69. A হল B-এর ভাই। B হল C-এর মেয়ে। D হল A-এর বাবা। D তাহলে C-এর কে হবে?
(a) স্বামী (b) ভাই (c) মামা (d) কাকা

70. প্রশ্নসূচক চিহ্নে কোন সংখ্যাটি বসবে?
625 : 385 : : 823 : ?
(a) 225 (b) 295 (c) 185 (d) 195

71. অমিল বিকল্পটি খুঁজে বের করুন:
(a) 66 – 55 (b) 33–22 (c) 111–100 (d) 44–34

72. নীচের সংখ্যাসারণির সঙ্গে সম্পর্কযুক্ত সঠিক বিকল্পটি খুঁজে বের করুন।
(36, 24, 12)
(a) 26, 32, 42 (b) 25, 12, 13 (c) 40, 10, 20 (d) 28, 26, 20

**নির্দেশ (73 to 75):** *নীচের কোন শব্দজোড়াগুলি ভুল?*

73. (a) ক্রোনোমিটার : সময় (b) ল্যাক্টোমিটার : দুধ (c) অ্যামিটার : শব্দ (d) থার্মোমিটার : উষ্ণতা

74. (a) ডেভিস কাপ : টেনিস (b) ডুরান্ড কাপ: ফুটবল (c) দেওধর ট্রফি : হকি (d) ডার্বি : ঘোড়দৌড়

75. (a) মহাত্মা গান্ধী : রাজঘাট (b) গুলজারিলাল নন্দ : নারায়ণ ঘাট (c) লাল বাহাদুর শাস্ত্রী: বিজয়ঘাট (d) মোরারজি দেশাই : কিষাণঘাট

76. 1641822 সংখ্যাটি নীচের কোন সংখ্যা দ্বারা বিভাজ্য?
(a) 4 দ্বারা (b) 5 দ্বারা (c) 7 দ্বারা (d) 9 দ্বারা

77. 897-এর বর্গ কত?
(a) 804609 (b) 803819 (c) 804209 (d) 804119

78. $3\frac{1}{2}$ মিটার এবং $8\frac{3}{4}$ মিটার দৈর্ঘ্যের দুটি দড়িকে সঠিকভাবে মাপতে স্কেলের সর্বাধিক দৈর্ঘ্য কত হবে?
(a) $1\frac{5}{4}$ মিটার (b) $1\frac{3}{4}$ মিটার (c) $2\frac{1}{4}$ মিটার (d) $2\frac{3}{4}$ মিটার

79. এক ব্যক্তি তাঁর কাছে থাকা খেলনাগুলিকে কয়েকজন শিশুর মধ্যে সমানভাবে ভাগ করে দিতে চাইলেন। প্রতিটি শিশুকে যথাক্রমে 2, 3, 4, 5, 6টি করে খেলনা দিলে প্রতিক্ষেত্রে তাঁর কাছে একটি খেলনা অবশিষ্ট থাকে কিন্তু 7টি করে খেলনা দিলে কোনও খেলনা অবশিষ্ট থাকে না, তাঁর কাছে থাকা খেলনার ন্যূনতম সংখ্যা কত?
(a) 294 (b) 301 (c) 231 (d) 371

80. $\left(3\frac{2}{3}+6\frac{7}{12}+4\frac{9}{36}+5+7\frac{1}{12}\right)$-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম ভগ্নাংশ যোগ করলে যোগফল একটি পূর্ণসংখ্যা হবে?
(a) $\frac{1}{12}$ (b) $\frac{5}{12}$ (c) $\frac{7}{12}$ (d) $\frac{11}{12}$

81. 200 পর্যন্ত কতগুলি সংখ্যা 5 এবং 7 উভয় সংখ্যার দ্বারা বিভাজ্য হবে?
(a) 8 (b) 7 (c) 6 (d) 5

82. 3000-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 57 দ্বারা বিভাজ্য হবে?
(a) 21 (b) 31 (c) 19 (d) 27

83. *-এর কোন ক্ষুদ্রতম মানের জন্য 73761* 9 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হবে?
(a) 5 (b) 4 (c) 8 (d) 3

84. দুই অঙ্কবিশিষ্ট কোনও সংখ্যা ও তার অঙ্কদ্বয়ের সমষ্টির অনুপাত 4 : 1; যদি এককের অঙ্ক দশকের অঙ্কের চেয়ে 3 অধিক হয় তবে সংখ্যাটি:
(a) 63 (b) 47 (c) 36 (d) 14

85. কোনও স্থানে 5 মিনিট অন্তর কামান দাগা হচ্ছিল। ওই ট্রেনের একজন যাত্রী 4 মিনিট 49 সেকেন্ড অন্তর পরপর দুটি তোপধ্বনি শুনল। শব্দের গতিবেগ 1156 ফুট/ সেকেন্ড হলে ট্রেনের গতিবেগ (ফুট/সেকেন্ড) এককে:
(a) 50 (b) 48 (c) 46 (d) 44

86. দুই প্রকার পিতলে তামা ও দস্তার অনুপাত 8 : 3 এবং 15 : 7; এই দুই প্রকার পিতল 5 : 2 অনুপাতে মেশালে নতুন ধাতুতে তামা ও দস্তার অনুপাত:
(a) 2 : 5 (b) 5 : 2 (c) 3 : 4 (d) 4 : 3

87. এক ব্যক্তি মোট 7,000 টাকার কিছু অংশ 6% এবং বাকি 4% সুদে ধার করেন, যদি 5 বছরে মোট 1,600 টাকা সরল সুদ দেয় হয় তবে 6% সুদে কত টাকা ধার নেওয়া হয়েছিল?
(a) 3,000 (b) 2,500 (c) 2,000 (d) 1,500

88. দুটি টেবিলের মোট ক্রয়মূল্য 1,350 টাকা। একটি 6% ক্ষতিতে এবং অপরটি $7\frac{1}{2}$ % লাভে বিক্রয় করলে মোটের ওপর কোনও লাভ বা ক্ষতি হয় না। দুটি টেবিলের ক্রয়মূল্য যথাক্রমে:
(a) 750, 600 টাকা (b) 600, 750 টাকা (c) 700, 650 টাকা (d) 650, 700 টাকা

89. মোট 480 টাকায় দুটি রেডিও কিনে একটি 15% লোকসানে এবং অপরটি 19% লাভে বিক্রয় করা হল। উভয় রেডিওর বিক্রয়মূল্য সমান হলে লোকসানে বিক্রি করা রেডিওর ক্রয়মূল্য:
(a) 200 টাকা (b) 240 টাকা (c) 280 টাকা (d) 300 টাকা

90. একটি প্রতিষ্ঠানের কর্মচারীদের মাসিক বেতনের গড় 1,200 টাকা। অফিসারদের ও কেরানিদের মাসিক বেতনের গড় যথাক্রমে 4,600 টাকা এবং 1,100 টাকা। অফিসারের সংখ্যা 15 হলে কেরানির সংখ্যা:
(a) 500 (b) 510 (c) 520 (d) 530

91. একটি হোস্টেলে 35 জন আবাসিক আছে। আবাসিকের সংখ্যা 7 বৃদ্ধি হলে হোস্টেলের প্রাত্যহিক মোট খরচ 42 টাকা বৃদ্ধি হয় কিন্তু আবাসিক পিছু প্রাত্যহিক খরচের গড় 1 টাকা কমে। হোস্টেলে প্রারম্ভিক প্রাত্যহিক খরচ:
(a) 500 টাকা (b) 480 টাকা (c) 460 টাকা (d) 420 টাকা

92. কোনও সামগ্রীর দাম প্রথমে 20% বৃদ্ধির পর 20% হ্রাস পেল। প্রারম্ভিক মূল্যের তুলনায় বর্তমান মূল্যের:
(a) হ্রাস 4% (b) বৃদ্ধি 4% (c) কোনও বৃদ্ধি বা হ্রাস নয় (d) বৃদ্ধি 10%

93. কয়েকজন শ্রমিক একটি কাজ 60 দিনে করতে পারেন। শ্রমিকের সংখ্যা 8 বৃদ্ধি হলে কাজটি করতে 10 দিন কম লাগে। প্রারম্ভিক শ্রমিকের সংখ্যা ছিল:
(a) 30 (b) 35 (c) 40 (d) 50

94. A ও B মোট 56 টাকার বিনিময়ে একটি কাজ করার জন্য সম্মত হল। কাজটি A একা 7 দিনে এবং B একা 8 দিনে করতে পারে। C -র সাহায্যে কাজটি 3 দিনে সম্পন্ন হলে C-র মজুরি:
(a) 10 টাকা (b) 11 টাকা (c) 12 টাকা (d) 13 টাকা

95. কয়েকজন রাজমিস্ত্রি দেওয়াল প্লাস্টারের কাজে নিযুক্ত হয়ে প্রথম দিন দেওয়ালের অর্ধেক এবং পরের দিন অবশিষ্ট দেওয়ালের এক-চতুর্থাংশ শেষ করার পর 45 বর্গমিটার দেওয়াল প্লাস্টারের কাজ বাকি থাকে। দেওয়ালের ক্ষেত্রফল:
(a) 120 বর্গমিটার (b) 100 বর্গমিটার (c) 140 বর্গমিটার (d) 130 বর্গমিটার

96. একটি বিদ্যালয়ে বালক ও বালিকার সংখ্যার অনুপাত 3 : 2; 10% বালক ও 20% বালিকা পরীক্ষায় অকৃতকার্য হলে কৃতকার্য ছাত্রছাত্রীর শতকরা হার:
(a) 86% (b) 85% (c) 76% (d) 75%

97. শুরুর 2 দিন পর A একটি কাজ ছেড়ে দেওয়ায় B-কে নিয়োগ করা হল এবং সে 9 দিনে বাকি কাজ শেষ করল। যদি A শুরুর 3 দিন পর ছেড়ে যেত তবে B বাকি কাজ 6 দিনে শেষ করত। কতদিনে A একা কাজটি শেষ করতে পারত?
(a) 7 দিন (b) 6 দিন (c) 5 দিন (d) 4 দিন

98. কিছু পরিমাণ টাকার 4% হারে 2 বছরে সরল সুদ 80 টাকা। একই সময়ের জন্য একই হারে ওই টাকার চক্রবৃদ্ধি সুদ:
(a) 80.50 টাকা (b) 81.60 টাকা (c) 82.70 টাকা (d) 83.80 টাকা

99. 3,903 টাকাকে A ও B-র মধ্যে এরূপে ভাগ করা হবে যে 7 বছর পরে A-র প্রাপ্য 9 বছর পরে B-র প্রাপ্যের সমান হবে যখন 4% চক্রবৃদ্ধি সুদে টাকা খাটানো হয়েছে। B-র অংশ:
(a) 1,875 টাকা (b) 1,850 টাকা (c) 2,000 টাকা (d) 2,400 টাকা

100. একটি জলাধারে দুটি নল A ও B-র দ্বারা যথাক্রমে 12 মিনিট ও 15 মিনিটে জলপূর্ণ হয়। অন্য একটি নির্গম নল C, 6 মিনিটে জলাধারটি খালি করে। প্রথমে A ও B নল খোলা হল এবং 5 মিনিট পর C নলটিও খোলা হলে কতক্ষণ পরে জলাধারটি খালি হবে?
(a) 30 মিনিট (b) 45 মিনিট (c) 40 মিনিট (d) 35 মিনিট

### উত্তর

1(b), 2(a), 3(a), 4(b), 5(a), 6(b), 7(b), 8(a), 9(b), 10(a), 11(b), 12(a), 13(a), 14(b), 15(a), 16(c), 17(b), 18(c), 19(a), 20(a), 21(a), 22(a), 23(b), 24(c), 25(a), 26(c), 27(b), 28(b), 29(b), 30(a), 31(a), 32(b), 33(b), 34(b), 35(a), 36(a), 37(c), 38(a), 39(a), 40(c), 41(a), 42(d), 43(a), 44(a), 45(a), 46(b), 47(d), 48(a), 49(a), 50(b), 51(c), 52(d), 53(b), 54(a), 55(b), 56(a), 57(a), 58(c), 59(d), 60(c), 61(b), 62(b), 63(b), 64(a), 65(b), 66(a), 67(a), 68(b), 69(a), 70(b), 71(d), 72(b), 73(c), 74(c), 75(d), 76(c), 77(a), 78(b), 79(b), 80(b), 81(d), 82(a), 83(b), 84(c), 85(d), 86(b), 87(c), 88(a), 89(c), 90(b), 91(d), 92(a), 93(c), 94(b), 95(a), 96(a), 97(c), 98(b), 99(a), 100(b).

### সমাধান

51(c):




∴ রাজনের মুখ পূর্বদিকে থাকবে।

52(d): সুজিত > পার্থ > সুদীপ = সুপ্রিয়।

53(b): 50 49 47 44 40 35
–1 –2 –3 –4 –5

55(b): এখানে Vowel গুলো X কোডে করা হয়েছে।

56(a): বৃত্ত বক্ররেখা দিয়ে তৈরি। বাকিগুলি সরলরেখা দিয়ে তৈরি।

57(a): আর্জেন্টিনার রাজধানী বুয়েনস এয়ারেস। অটোয়া কানাডার রাজধানী।

58(c):




∴ ঘণ্টার কাঁটা উত্তর-পূর্ব দিকে থাকবে।

59(d):



আগ্নেয়শিলার অন্তর্গত গ্রানাইট। কাদাপাথর পাললিক শিলার অংশ।

60(c): 9 তারিখ রবির হলে 9 – 7 = 2 তারিখ রবিবার
অতএব 1 তারিখ শনিবার।

62(b): N I N E → I N E N; F I V E → I F E V

64(a): 18 × 36 ÷ 12 – 6 + 7 = 18 × 3 + 1 = 54 + 1 = 55.

65(b): এখানে তিনটি ঘনকের বিভিন্ন অবস্থান দেখে পরিষ্কার বোঝা যাচ্ছে যে 5-এর বিপরীতে 2 আছে।

66(a): 1st B $\xrightarrow{+1}$ C $\xrightarrow{+1}$ D $\xrightarrow{+1}$ E $\xrightarrow{+1}$ Ⓕ
2nd Y $\xrightarrow{-1}$ X $\xrightarrow{-1}$ W $\xrightarrow{-1}$ V $\xrightarrow{-1}$ Ⓤ
3rd X $\xrightarrow{-1}$ W $\xrightarrow{-1}$ V $\xrightarrow{-1}$ U $\xrightarrow{-1}$ Ⓣ

67(a): বিষ্ণুগুপ্ত যেমন চাণক্য, আমির খসরু তেমন তোতাপাখি নামে খ্যাত ছিলেন।

68(b): ডায়েরিয়া ছাড়া বাকিগুলি মশাবাহিত রোগ।

69(a):




70(b): সংখ্যাগুলির পাশাপাশি যোগফল 6 + 2 + 5 = 13
3 + 8 + 5 = 16
একইভাবে, 8 + 2 + 3 = 13, 2 + 9 + 5 = 16

71(d): 66 – 11 = 55, 33 – 22 = 11, 111 – 110 = 11
সবগুলির বিয়োগফল 11, শুধু এক্ষেত্রে 44 – 34 = 10

72(b): প্রথম সংখ্যা – তৃতীয় সংখ্যা।
36 – 24 = 12 অতএব, 25 – 13 = 12.

73(c): অ্যামিটার বিদ্যুৎপ্রবাহ মাপার যন্ত্র। শব্দের তীব্রতা মাপার যন্ত্র হল অডিয়োমিটার।

74(c): দেওধর ট্রফি ক্রিকেট খেলার সঙ্গে যুক্ত।

75(d): মোরারজি দেশাই-এর সমাধিস্থলের নাম অভয় ঘাট। কিষাণ ঘাট চৌধুরি চরণ সিং-এর সমাধিস্থলের নাম।

76(c): (i) শেষ দুটি অঙ্ক 22 — 4 দ্বারা বিভাজ্য নয়।
(ii) অঙ্কগুলির যোগফল = 24 — 9 দ্বারা বিভাজ্য নয়।
164182 2 : 164182 – 2 × 2 = 164178
16417 8 : 16417 – 2 × 8 = 16401
1640 1 : 1640 – 2 × 1 = 1638
163 8 : 163 – 2 × 8 = 147
যা 7 দ্বারা বিভাজ্য। [এখানে key digit = 2].

77(a): $(897)^2 = (897 + 3)(897 - 3) + 3^2 = 900 \times 894 + 9 = 804609$ [ডানদিকে সর্বাধিক সংখ্যায় 0 থাকবে এরূপ সংখ্যায় রূপান্তর কর]

78(b): $3\frac{1}{2} = \frac{7}{2}$, $8\frac{3}{4} = \frac{35}{4}$, স্কেলের সর্বাধিক দৈর্ঘ্য = $\left(\frac{7}{2}, \frac{35}{4}\right)$
এর গ.সা.গু. = $\frac{7, 35\text{-এর গ.সা.গু.}}{2, 4\text{-এর ল.সা.গু.}} = \frac{7}{4} = 1\frac{3}{4}$ মিটার।

79(b): 2, 3, 4, 5, 6 -এর ল.সা.গু. = 60, নির্ণেয় সংখ্যা = (60 -এর গুণিতক) + 1 = 60 k + 1 = 56k + (4k + 1) = (8 × 7) k + (4k + 1), (8 × 7) k — 7 দ্বারা বিভাজ্য।
k = 5 হলে (4k + 1) — 7 দ্বারা বিভাজ্য। নির্ণেয় সংখ্যা = (60 × 5) + 1 = 301.

80(b): ভগ্নাংশগুলির যোগফল = $\frac{2}{3} + \frac{7}{12} + \frac{1}{4} + \frac{1}{12} = \frac{19}{12} = 1\frac{7}{12}$
ক্ষুদ্রতম ভগ্নাংশ = $1 - \frac{7}{12} = \frac{5}{12}$.

81(d): 5 এবং 7 উভয় সংখ্যার দ্বারা বিভাজ্য সংখ্যা তাদের ল.সা.গু. = 7 × 5 = 35 দ্বারা বিভাজ্য হবে।
$\frac{200}{35} = 5 + \frac{25}{35}$; মোট পূর্ণসংখ্যা = 5.

82(a): 3000-কে 57 দ্বারা ভাগ করলে 36 ভাগশেষ হয়।
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 57 – 36 = 21.

83(b): অযুগ্ম স্থানের অঙ্কের যোগফল a = 9 + 1 + 7 + 7 = 24 এবং যুগ্ম স্থানের অঙ্কের যোগফল = b = * + 6 + 3 = (9 + *), 11 দ্বারা বিভাজ্য হওয়ার জন্য a – b = 0

এরপর বারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

বা, 11-র গুণিতক হবে। $a - b = 15 - * \Rightarrow 11 = 15 - * \Rightarrow * = 4$.

84(c): দশকের অঙ্ক x হলে এককের অঙ্ক = x + 3, সংখ্যা = $x \times 10 + (x + 3) = 11x + 3$;

$$\frac{11x+3}{x+(x+3)} = \frac{4}{1} \Rightarrow \frac{11x+3}{2x+3} = \frac{4}{1} \Rightarrow 11x + 3 = 8x + 12 \Rightarrow x = 3$$

∴ সংখ্যাটি = $11 \times 3 + 3 = 36$.

85(d): ট্রেনের 4 মিনিট 49 সেকেন্ড = 289 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব = শব্দের (5 মিনিট – 4 মিনিট 49 সেকেন্ড) = 11 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব = $11 \times 1156$ ফুট। সময় = 289 সেকেন্ড। ট্রেনের বেগ = $\frac{11 \times 1156}{289} = 11 \times 4 = 44$ ফুট/সেকেন্ড।

86(b):

| | তামা | দস্তা | মিশ্রণ |
|---|---|---|---|
| প্রথম পিতল: | 8/11 | 3/11 | 5/7 |
| দ্বিতীয় পিতল: | 15/22 | 7/22 | 2/7 |

মিশ্রণে তামা : দস্তা = $\left(\frac{8}{11} \times \frac{5}{7} + \frac{15}{22} \times \frac{2}{7}\right) : \left(\frac{3}{11} \times \frac{5}{7} + \frac{7}{22} \times \frac{2}{7}\right)$

$= \left(\frac{80+30}{22 \times 7}\right) : \left(\frac{30+14}{22 \times 7}\right) = \frac{110}{44} = 5 : 2$.

87(c): মোটের ওপর সুদের হার = $\frac{1,600 \times 100}{5 \times 7,000} = \frac{32}{7}\%$

সুদ

6% 4%

$\frac{32}{7}\%$

$\frac{32}{7} - 4 = \frac{4}{7}\%$ $6 - \frac{32}{7} = \frac{10}{7}\%$

আসল

আসলের অনুপাত = $\frac{4}{7} : \frac{10}{7} = 4 : 10 = 2 : 5$

6% সুদে মূলধন = $\frac{2}{2+5} \times 7,000 = 2,000$ টাকা।

88(a): ক্ষতি = – (লাভ)

– 6% $\frac{15}{2}\%$

0

$\frac{15}{2} - 0 = \frac{15}{2}\%$ $0 - (-6) = 6\%$

টেবিল দুটির ক্রয়মূল্যের অনুপাত = $\frac{15}{2} : 6 = 15 : 12 = 5 : 4$

টেবিল দুটির ক্রয়মূল্য = $\left(\frac{5}{5+4} \times 1,350, \frac{4}{5+4} \times 1,350\right) = (750, 600)$ টাকা।

89(c): 15% লোকসানে বিক্রীত রেডিও-র ক্রয়মূল্য

$= \frac{480\,(100 + \%\ \text{লাভ})}{(100 - \%\ \text{লোকসান}) + (100 + \%\ \text{লাভ})}$

$= \frac{480(100+19)}{(100-15)+(100+19)} = \frac{480 \times 119}{204} = \frac{480 \times 7}{12} = 280$ টাকা।

90(b): অফিসার কেরানি

4600 1100

1200

$1200 - 1100 = 100$ $4600 - 1200 = 3400$

অফিসারের সংখ্যা : কেরানির সংখ্যা = 100 : 3400 = 1 : 34

কেরানির সংখ্যা = $15 \times \frac{34}{1} = 510$.

91(d): প্রারম্ভিক গড় খরচ = x; 7 জন আবাসিক যোগ দেওয়ার পর গড় খরচ

$= \frac{x \times 35 + 42}{35+7} = \frac{35x + 42}{42}$ = প্রারম্ভিক মোট খরচ –1 = x – 1

$\Rightarrow 42x - 42 = 35x + 42 \Rightarrow x = 12$

প্রারম্ভিক মোট খরচ = $35x = 35 \times 12 = 420$ টাকা।

92(a): প্রারম্ভিক মূল্য 100 টাকা, 20% বৃদ্ধির পর 120

20% হ্রাসের পর $120 \times \frac{80}{100} = 96$ টাকা

হ্রাস = 100 – 96 = 4 টাকা ⇒ শতকরা হ্রাস = 4%.

93(c): প্রারম্ভিক শ্রমিক সংখ্যা

$= \frac{\text{অতিরিক্ত শ্রমিক সংখ্যা} \times \text{হ্রাসের পর দিনের সংখ্যা}}{\text{হ্রাসপ্রাপ্ত দিনের সংখ্যা}}$

$= \frac{8 \times (60-10)}{10} = \frac{8 \times 50}{10} = 40$.

94(b): 3 দিনের (A + B + C)-র কাজ = 1

C-র 3 দিনের কাজ = 1 – (A-র 3 দিনের কাজ + B-র 3 দিনের কাজ)

$= 1 - \left(\frac{3}{7} + \frac{3}{8}\right) = \frac{11}{56}$, কাজের অনুপাত = $\frac{3}{7} : \frac{3}{8} : \frac{11}{56} = 24 : 21 : 11$

C-র মজুরির অংশ = $\frac{11}{24+21+11} \times 56 = 11$ টাকা।

95(a): ক্ষেত্রফল = 1 হলে, প্রথম দিনের পরে অবশিষ্ট অংশ = $\left(1 - \frac{1}{2}\right) = \frac{1}{2}$ এবং

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩ কনস্টেবল ও রাইফেলম্যান

*দশের পাতার পর*

cent of the dealer is:

(a) $3\frac{1}{6}\%$ (b) $3\frac{5}{6}\%$ (c) $4\frac{1}{6}\%$ (d) $4\frac{5}{6}\%$

91. A shopkeeper mixes two varieties of tea one costing ₹ 75 per kg and the other costing ₹ 50 per kg in the ratio 3 : 2. If he sells the mixed variety at ₹ 62.40 per kg, his gain/loss per cent is:

(a) gain 5% (b) gain 4% (c) loss 5% (d) loss 4%

92. A started a business investing ₹ 21000 and is joined afterwards by B with ₹ 36000. After how many months B joined if the profit at the end of the year are divided equally?

(a) 3 (b) 4 (c) 5 (d) 6

93. A goods train leaves a station at a certain time and at a fixed speed. After 6 hrs, an Express train leaves the same station and moves in the same direction with a uniformed speed of 90 km/h. This train catches up the goods train in 4 hrs. The speed of the goods train (in km/h) is:

(a) 48 (b) 36 (c) 54 (d) 72

94. In what ratio two varieties of pulses costing ₹ 15 and ₹ 20 per kg respectively be mixed so as to get a mixture worth ₹ 16.50 per kg?

(a) 3 : 7 (b) 5 : 7 (c) 7 : 3 (d) 7 : 5

95. ₹ 6000 becomes ₹ 7200 in 4 yrs at a certain rate of SI. If the rate becomes 1.5 of itself, the amount of the same principal in 5yrs. will be (in rupees):

(a) 8000 (b) 8250 (c) 9000 (d) 9250

96. A circular wire of diameter 42 cm is bent in the form of a rectangle whose sides are in the ratio 6 : 5. The area of the rectangle (in sq.cm) is ($\pi$ = 22/7)

(a) 960 (b) 1000 (c) 1040 (d) 1080

97. If the area of an equilateral triangle is $24\sqrt{3}$ sq.cms then its perimeter (in cm) is:

(a) $12\sqrt{6}$ (b) $4\sqrt{6}$ (c) $8\sqrt{6}$ (d) $2\sqrt{6}$

98. A certain number of 2 digits is three times the sum of the digits and if 45 be added to it, the digits are reversed. The number is:

(a) 23 (b) 27 (c) 32 (d) 72

99. Which smallest number must be added to 710 so that the sum is a perfect cube?

(a) 11 (b) 19 (c) 21 (d) 29

100. Village x has a population 68000, which is decreasing at the rate of 1200 per year. Village y has a population 42000, which is increasing at the rate of 800 per year. In how many years the popuation of the two villages will be equal?

(a) 10 (b) 12 (c) 13 (d) 15

### Answers

71(b), 72(b), 73(c), 74(d), 75(a), 76(c), 77(b), 78(b), 79(d), 80(c), 81(d), 82(a), 83(b), 84(c), 85(d), 86(b), 87(a), 88(b), 89(a), 90(c), 91d), 92(c), 93(b), 94(c), 95(b), 96(d), 97(a), 98(b), 99(b), 100(c).

### Solution

6(c): E G I K / ↓+1 ↓+2 ↓+3 ↓+4 / F I L O

Similarly, F H J L / ↓+1 ↓+2 ↓+3 ↓+4 / G J M P

7(a): Q D X M / ↓+2 ↓+2 ↓+1 ↓+1 / S F Y N

Similarly, Q I O Z / ↓+2 ↓+2 ↓+1 ↓+1 / W K P A

8(a): G H F / ↓–4 ↓–4 ↓–4 / C D B

Similarly E F D / ↓–4 ↓–4 ↓–4 / A B Z

9(b): $55 \times 2 = 110$ ∴ $66 \times 2 = 132$

12(b): 2 3 5 7 11 13 17

The series is made of Prime numbers.

13(b): $128 \xrightarrow{-18} 110 \xrightarrow{-20} 90 \xrightarrow{-22} 68 \xrightarrow{24} 44$

14(c): $11 \xrightarrow{+2} 13 \xrightarrow{+4} 17 \xrightarrow{+2} 19 \xrightarrow{+4} 23 \xrightarrow{+2} 25 \xrightarrow{+2} 29$

15(c): 1 + 3 + 4 ⟶ 8 + 15 + 27 ⟶ [50]

16(d): a _b_ ab _c_/b c b c _a_/c a c a _b_

17(a): m _n_/m _n_/m n/ _m_ n/m _n_ /m n

18(b): G A M B L E / ↓–1 ↓+1 ↓–1 ↓+1 ↓–1 ↓+1 / F B L C K F

Similarly, F L O W E R / ↓–1 ↓+1 ↓–1 ↓+1 ↓–1 ↓+1 / E M N X D S

19(a): Q U I C K / ↓–1 ↓–2 ↓–3 ↓–4 ↓–5 / P S F Y F

Similarly, N E S T / ↓–1 ↓–2 ↓–3 ↓–4 / M C P P

20(d): G I V E B A T / ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ / 5 1 3 7 9 2 4

Similarly, G A T E / ↓ ↓ ↓ ↓ / [5 2 4 7]

21(c): room = bed, bed = window

∴ a man would sleep on window.

22(a): P L A N E / ↓–1 ↓–1 ↓–1 ↓–1 ↓–1 / O K Z M D

Similarly, T R A I N / ↓–1 ↓–1 ↓–1 ↓–1 ↓–1 / S Q Z H M

23(b): P O P U L A R / ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 / Q P Q V M B S

Similarly, F A M O U S / ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 ↓+1 / G B N P V T

24(c): $(6 \times 3) + (5 \times 15) = 18 + 75 = 93$

$(4 \times 8) + (18 \times 1) = 32 + 18 = 50$

$(9 \times 6) + (7 \times 5) = 54 + 35 = 89$

25(a): Such pairs are LN and US.

76(c): $a^2 - b^2 = 19 \Rightarrow (a + b)(a - b) = 19.1$

$\Rightarrow a + b = 19, a - b = 1$

Adding, $2a = 20 \Rightarrow a = 10$ and $b = 9$

$10^2 + 9^2 = 100 + 81 = 181$.

77(b): Max. length of each part (in cm) = LCM (78, 104, 117, 169) = LCM $(13 \times 3 \times 2, 13 \times 2 \times 2 \times 2 + 13 \times 9, 13 \times 13) = 13$

No. of pieces = $\frac{13 \times 3 \times 2}{13} + \frac{13 \times 2 \times 2 \times 2}{13} + \frac{13 \times 9}{13} + \frac{13 \times 13}{13}$

$= 6 + 8 + 9 + 13 = 36$.

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও এম্পা কাঁড়ার

প্রথম 2 দিন পরে অবশিষ্ট = $\frac{1}{2} - \frac{1}{2} \times \frac{1}{4} = \frac{3}{8}$ অংশ, $\frac{3}{8} \to 45, 1 \to 45 \times \frac{8}{3}$ = 120 বর্গমিটার।

96(a): বালক ও বালিকার সংখ্যা = 3x, 2x, মোট = 5x

কৃতকার্য ছাত্রছাত্রীর সংখ্যা = $3x \times \frac{90}{100} + 2x \times \frac{80}{100}$

$= \frac{430x}{100}$, শতকরা হার = $\frac{430x}{100} \times \frac{1}{5x} \times 100 = 86\%$.

97(c): A B

2 9

3 6

A একা শেষ করতে পারে $\frac{9 \times 3 - 6 \times 2}{9 - 6} = 5$ দিনে।

[B একা শেষ করতে পারে $\frac{9 \times 3 - 6 \times 2}{3 - 2} = 15$ দিনে]

98(b):

সুদের হার = $\frac{2 \times \text{চক্রবৃদ্ধি ও সরল সুদের পার্থক্য}}{\text{সরল সুদ}} \times 100$

চক্রবৃদ্ধি ও সরল সুদের পার্থক্য

$= \frac{\text{সুদের হার} \times \text{সরল সুদ}}{2 \times 100} = \frac{4 \times 80}{200} = 1.60$

চক্রবৃদ্ধি সুদ = সরল সুদ + 1.60 = 81.60 টাকা।

99(a): A ও B-র অংশ = x, y হলে 7 বছর পরে x টাকার সবৃদ্ধিমূল = 9 বছর পরে y টাকার সবৃদ্ধিমূল,

$x\left(1 + \frac{4}{100}\right)^7 = y\left(1 + \frac{4}{100}\right)^9 \Rightarrow \frac{x}{y} = \left(1 + \frac{4}{100}\right)^2 = \left(\frac{26}{25}\right)^2 = \frac{676}{625}$

$\Rightarrow x : y = 676 : 625$

B-র অংশ = $\frac{625}{676 + 625} \times 3903 = \frac{625}{1301} \times 3903 = 625 \times 3 = 1875$ টাকা।

100(b): 5 মিনিটে A ও B দ্বারা জলাধারের $5\left(\frac{1}{12} + \frac{1}{15}\right) = \frac{3}{4}$ অংশ পূর্ণ হয়।

প্রতি মিনিটে A, B, C দ্বারা $\frac{1}{12} + \frac{1}{15} - \frac{1}{6} = -\frac{1}{60}$ অর্থাৎ 1 মিনিটে $\frac{1}{60}$ অংশ খালি হয়। [ঋণাত্মক চিহ্ন খালি নির্দেশ করে]

প্রথমে পূর্ণ $\frac{3}{4}$ অংশ খালি হবে $\frac{3/4}{1/60} = \frac{3}{4} \times 60 = 45$ মিনিটে।

প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও পলাশ কান্তি মণ্ডল

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে এক্সিকিউটিভ ট্রেনি

### ২০১৯ সালের গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে

বেশ কিছু এক্সিকিউটিভ ট্রেনি নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন ও সিভিল শাখায়। প্রার্থীকে ২০১৯ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NPCIL/HRM/ET/2018/03.

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল শাখায় ৪ বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। সেইসঙ্গে গেট ২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে।

গেট পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পর শূন্যপদের সংখ্যা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে এই দুই ওয়েবসাইটে: www.npcil.nic.in, www.npcilcareers.co.in যাঁরা ২০১৯ সালের গেট পরীক্ষায় বসার জন্য আবেদন করছেন কেবল তাঁরাই উপরোক্ত পদের জন্য আবেদন করতে পারবেন। ২০১৯ সালের গেট পরীক্ষা হবে ২,৩, ৯ ও ১০ ফেব্রুয়ারি। গেট-এর জন্য অনলাইন দরখাস্ত করা যাচ্ছে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gate.iitm.ac.in দরখাস্তের শেষ তারিখ ১ অক্টোবর। দরখাস্তের পর যে-রেজিস্ট্রেশন নম্বর ও অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে তার সাহায্যে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনের জন্য দরখাস্ত করা যাবে। বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বিজয়া ব্যাঙ্কে ৩৩০ প্রবেশনারি অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

প্রবেশনারি অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ক্রেডিট) পদে ৩৩০ জনকে নিয়োগ করবে বিজয়া ব্যাঙ্ক। প্রথমে তিন মাসের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে জেনারেল ব্যাঙ্কিং শাখায়, জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/2018.

মোট শূন্যপদ: ৩৩০টি (সাধারণ ১৬৭, তফসিলি জাতি ৪৯, তফসিলি উপজাতি ২৫, ও বি সি ৮৯)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ও বৌদ্ধিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে কমার্স বা সায়েন্স বা ইনকমিক্স বা ল-য়ে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা বিজনেস ম্যানেজমেন্ট বা ম্যানেজমেন্ট বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা সি এ বা আই সি ডব্লু এ বা কোম্পানি সেক্রেটারি কোর্স পাশ।

বয়স: ১-৮-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

নির্বাচিত প্রার্থীদের প্রথমে তিন মাসের ট্রেনিং দেওয়া হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১৫,০০০ টাকা। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে প্রবেশনারি অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ক্রেডিট) পদে। তখন বেতনক্রম: ২৩,৭০০-৪২,০২০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vijayabank.com দরখাস্তের শেষ তারিখ ২৭ সেপ্টেম্বর।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## দক্ষিণ-পূর্ব-মধ্য রেলে ৩১৩

*প্রথম পাতার পর*

